পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের
মাঝে এক অপরূপ
ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 29, Issue No.: 275 Wednesday, 4 September, 2024 ❋ ২৯ বর্ষ, ২৭৫ সংখ্যা ❋ ১৮ ভাদ্র ১৪৩১, বুধবার, ৪ সেপ্টেম্বর, ২০২৪ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য– ৩ টাকা

ধর্ষণ বিরোধী বিল রাজ্যপালের কোর্টে ঠেলে দিলেন মমতা

সই করলেই কার্যকরের দায়িত্ব আমাদের

দুরন্ত বার্তা প্রতিবেদন

রাজ্য বিধানসভায় ধর্ষণ বিরোধী বিল নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর অভিযোগের মুখের উপর জবাব দিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বললেন, ''এখন এই বিল রাজ্যপালের কাছে যাবে। ওনাকে বলুন, যাতে তাড়াতাড়ি এই বিলে উনি সই করে দেন। উনি তাড়াতাড়ি সই করে দিলেই বিল কার্যকর হবে। রাজ্যপালের সইয়ের পর বিল কার্যকর না হলে দায়িত্ব আমাদের।'' মমতা আরও বলেন, ''রাজ্যপালের অনুমোদন পেলেই তা রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছে যাবে। তিনি সই করলেই এটা আইন হিসেবে কার্যকর করা হবে। তার দায়িত্ব আমাদের।'' মমতার অভিযোগ, ''কিন্তু এই ঘটনা নিয়ে নির্লজ্জ রাজনীতি হচ্ছে। বাংলাকে বদনাম করার চেষ্টা চলছে। মনে রাখবেন, বাংলাকে বদনাম করলে আপনার গায়েও তা লাগবে। আমার গায়েও লাগবে। আমাকে এবং বাংলাকে নিয়ে সবসময় কুৎসা চলছে। আমরা যদি নরেন্দ্র মোদি-অমিত শাহের বিরুদ্ধে বলি তাহলে কী করবেন?'' ''প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জাতীয় লজ্জা। ওনার পদত্যাগ চাই। উনি দেশের মেয়েদের নিরাপত্তা দিতে ব্যর্থ।'' মঙ্গলবার রাজ্য বিধানসভায় ধর্ষণ বিরোধী বলের সপক্ষে বলতে গিয়ে এই দাবি তুললেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন মুখ্যমন্ত্রী ধর্ষণ বিরোধী কঠোর আইন প্রণয়নের উপর জোর দিয়ে বলেন, ''দেশের বিভিন্ন রাজ্যে প্রতিদিন কোথাও না কোথাও ধর্ষণ, নারী-শিশু নির্যাতনের ঘটনা ঘটে চলেছে। আমরা সব ঘটনারই তীব্র নিন্দা করছি ও ধিক্কার জানাচ্ছি। কিন্তু, মোদি এবং অমিত শাহ মিলে দেশের নারীদের সম্মান ও সুরক্ষায় কিছুই করতে পারেননি। তাই আমরা নরেন্দ্র মোদির পদত্যাগ চাই, আমরা অমিত শাহের পদত্যাগ চাই।'' নরেন্দ্র মোদি দেশের জাতীয় লজ্জা বলে বিধানসভায় তোপ দাগেন মুখ্যমন্ত্রী মমতা। এদিন বিধানসভায়

অপরাজিতা মহিলা ও শিশু (পশ্চিমবঙ্গ ফৌজদারি আইন সংশোধন) বিলটি পেশ করেন রাজ্যের আইনমন্ত্রী মলয় ঘটক। এ কারণে দুদিনের বিশেষ অধিবেশনের ডাক দেওয়া হয়েছিল। বিল পেশের পর আলোচনা শেষে বিরোধীরা সমর্থন করায় সর্বসম্মতিক্রমে তা পাশ হয়ে যায়। নারী নির্যাতন ও ধর্ষণের বিরুদ্ধে এদিন খড়্গহস্ত হয়ে মমতা জোর গলায় বলেন, ''আমরা চাই দোষীদের ফাঁসি হোক। কামদুনিতেও আমরা অপরাধীদের ফাঁসির দাবি করেছিলাম। কিন্তু, ধর্ষণ ও খুনের মতো নৃশংস ঘটনায় বিজেপি এবং সিপিএম রাজনীতি চালাচ্ছে। বিরোধিতা ও প্রতিবাদের রাজনীতিতে কে একনম্বর সেই প্রতিযোগিতায় নেমেছে ওরা।'' এই সময় বিরোধী বেঞ্চ থেকে বিজেপি সদস্যরা হল্লা জুড়ে দিলে মমতা হাতজোড় করে বলেন, ''আমি হাতজোড় করে তোমাদের বলছি, আমার কথা শোনো। আপনারা চুপ না করলে আমি কথা বলব না।'' সিপিএম আমলে কোনও মহিলা থানা ছিল না, এই অভিযোগ তুলে মমতা বলেন, ''আমরা আসার পরে ৩৯টি মহিলা থানা করেছি। এদিন ভাষণের শুরু থেকেই মমতার মধ্যে একটি ভিতর থেকে বেরিয়ে আসা আবেগ করছিল।'' বহুদিন পর এমন পরিণত, সুসংবদ্ধ, আবেদনশীল অথচ আক্রমণাত্মক বক্তৃতা দিলেন মুখ্যমন্ত্রী। এদিন বিল পেশের পর আলোচনা শেষে বিরোধীরা সমর্থন করায় সর্বসম্মতিক্রমে তা পাশ হয়ে যায়। কী আছে এই খসড়া বিলে? মূল কয়েকটি তাৎপর্য ব্যাখ্যা করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শাস্তি আরও কঠোরতর করতে ভারতীয় ন্যায় সংহিতার ধারাগুলিকে সংশোধন করা হয়েছে বলে দাবি মুখ্যমন্ত্রীর। ১। এই বিলে প্রস্তাবিত উল্লেখযোগ্য বিষয় হল- ধর্ষণের ঘটনায় নির্যাতিতার যদি মৃত্যু হয় কিংবা নির্যাতিতা কোমা অথবা চিরকালের মতো শারীরিক-মানসিক অথর্ব হয়ে যায়, তাহলে তার শাস্তি মৃত্যুদণ্ড। ২। ধর্ষণ-গণধর্ষণের ঘটনায় যে বা যারা দোষী সাব্যস্ত হবে তাদের আমৃত্যু যাবজ্জীবন কারাদণ্ড। ঘটনা যদি গুরুতর হয় তাহলে শাস্তি মৃত্যুদণ্ড এবং জরিমানা। ৩। দ্রুত বিচারের ব্যবস্থা রাখা হয়েছে এই বিলে। এফআইআর হওয়ার পর যত দ্রুত তদন্তকাজ শেষ করতে হবে। প্রস্তাবিত বিলে রয়েছে তদন্তের কাজ ২১ দিনের মধ্যে শেষ করতে হবে। এর আগে এর সময়সীমা ছিল ২ মাস। তবে পুলিশ সুপার অথবা সম পদমর্যাদার কেউ লিখিতভাবে যুক্তিযুক্ত কারণ দর্শালে তদন্তের মেয়াদ আর ১৫ দিন পর্যন্ত বাড়ানো যেতে পারে। ৪। জেলাস্তরে স্পেশাল টাস্ক ফোর্স গঠন। যার নাম হবে অপরাজিতা টাস্ক ফোর্স। যার নেতৃত্বে থাকবেন ডেপুটি পুলিশ সুপার। অপরাধের তদন্তে এই টাস্ক ফোর্সই দায়িত্বশীল থাকবে। ৫। স্পেশাল টাস্ক ফোর্স ছাড়াও ধর্ষণের মামলার দ্রুত বিচারের জন্য বিশেষ আদালত ও তদন্ত দল গঠন করা হবে। রাজ্য সরকার প্রস্তাব রেখেছে, ৫২টি বিশেষ আদালত গঠনের। ৬। আরও উল্লেখযোগ্য হল, অ্যাসিড আক্রান্তের ঘটনাতেও আমৃত্যু যাবজ্জীবন, ক্ষেত্রবিশেষে প্রাণদণ্ডের প্রস্তাব রাখা হয়েছে প্রস্তাবিত বিলে। মমতা বলেন, চার্জশিটের ১ মাস বা ৩০ দিনের মধ্যে বিচার শেষ হবে। ৭। রাত্রিসাথী-যে যে ক্ষেত্রে মেয়েদের রাতের শিফটে কাজ করতে হয়, সেখানে তাঁদের পূর্ণ নিরাপত্তার উপর জোর দেওয়া হয়েছে এই বিলে। মমতা বলেন, প্রচুর আলো, হাসপাতালের ভিতরে যাতায়াতের জন্য ঘেরা জায়গা সহ নিরাপত্তারক্ষী দিয়ে সম্পূর্ণ সুরক্ষা বলয় গড়ে তোলা হবে।

বামেদের মিছিলে তুমুল উত্তেজনা, ভাঙল ব্যারিকেড

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ সেপ্টেম্বরঃ জুনিয়র চিকিৎসকদের আন্দোলনে যখন উত্তাল লালবাজার, তখন আরজি করের উদ্দেশ্যে বামেদের বড় মিছিল নামল রাজপথে। কয়েকদিন আগেই রাজাবাজার থেকে শ্যামবাজার পর্যন্ত বড় মিছিলের ডাক দিয়েছিল বামেরা। সিপিএম সহ বামফ্রন্টের প্রায় সমস্ত শরিক দলকেই এদিন মিছিলে পা মেলাতে দেখা যায়। মিছিলে হাঁটতে দেখা যায় বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু। ছিলেন সুজন চক্রবর্তী, সূর্যকান্ত মিশ্র, রবীন দেব সহ বামফ্রন্টের বরিষ্ঠ নেতৃত্বও। একই সঙ্গে বামেদের ছাত্র-যুব ব্রিগেডকেও এদিন পথে নামতে দেখা যায়। প্রবীণদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে হাঁটেন তাঁরা। যদিও মিছিলের শুরুতে মূলত মহিলাদেরই দেখা যায়। বামেদের মিছিল আটকাতে ব্যাপক পুলিশি নিরাপত্তার ছবিও দেখা যায় শ্যামবাজার পাঁচ মাথার মোড়ে। শ্যামবাজার মেট্রো গেট সহ পাঁচমাথা মোড় বিরাট পুলিশ বাহিনী। লাঠি, ঢাল, হেলমেট কাদানে গ্যাস নিয়ে প্রস্তুত ছিল কলকাতা পুলিশ। প্রস্তুত ব্যারিকেড। মিছিলে হাঁটতে হাঁটতেই বিমান বসু বলেন, ''এ মিছিল মানুষের স্বতঃস্ফূর্ত মিছিল।'' একই সুর রবীন দেবের গলাতেও। যদিও মিছিল খান্না মোড়ে মিছিল যেতেই বাধা দেয় পুলিশ। বেঁধে যায় ধুন্ধুমার কাণ্ড। ভেঙে যায় পুলিশের ব্যারিকেড। উঠতে থাকে স্লোগান। বাম সমর্থকদের অনড় দাবি, শ্যামবাজার তাঁরা যাবেনই। তাঁদের কোনওভাবেই আটকানো যাবে না।

ছত্তীসগড়ে গুলির লড়াইয়ে হত ৯ মাওবাদী

ছত্তীশগড়, ৩ সেপ্টেম্বরঃ ছত্তীসগড়ে আবারও বড় সাফল্য পেল নিরাপত্তাবাহিনী। কয়েক ঘণ্টার গুলির লড়াইয়ে খতম ৯ মাওবাদী। ডিস্ট্রিক্ট রিসার্ভ গার্ড এবং সিআরপিএফ-এর যৌথ অভিযানে এই সাফল্য আসে। ঘটনাস্থল থেকে উদ্ধার হয়েছে প্রচুর আগ্নেয়াস্ত্র। মঙ্গলবার সকাল সাড়ে ১০টা নাগাদ দান্তেওয়াড়া এবং বিজাপুর জেলার সীমান্তবর্তী এলাকায় শুরু হয় গুলির লড়াই। প্রায় ঘণ্টাখানেকের বেশি সময় ধরে চলা এই লড়াইয়ে ৯ জন মাওবাদীর মৃত্যু হয়েছে। পাশাপাশি আরও কয়েকজন মাওবাদী নেতা আহতও হয়ে বলে খবর। তাদের খোঁজে এখনও তল্লাশি চালাচ্ছে নিরাপত্তাবাহিনীর জওয়ানরা। চিরুনি তল্লাশি চালানো হচ্ছে এলাকায়। প্রচুর অস্ত্রের মধ্যে বন্দুক, রাইফেল, বোমাও উদ্ধার হয়েছে ঘটনাস্থল

থেকে। যদিও কোনও জওয়ান এই এনকাউন্টারে আহত হননি বলে জানানো হয়েছে। পরিসংখ্যান বলছে, বিগত কয়েক মাসের মধ্যে শুধু ছত্তীসগড়ে ১৫০-র বেশি মাওবাদী নিকেশ হয়েছে। তাদের মধ্যে মহিলা মাওবাদী নেত্রী থেকে শুরু করে ক্যাডাররাও আছে। মাওবাদী হামলায় চলতি বছর একাধিক বিজেপি নেতার মৃত্যু হয়েছে। এই বিষয়টি উদ্বেগ বাড়িয়েছিল কেন্দ্রীয় সরকারের। কারণ গত এক বছরে শুধু ছত্তীসগড়েই মাওবাদী হামলার বলি হয়েছেন আটজন বিজেপি নেতা।

'দিশা দেখাচ্ছে বাংলা', 'ধর্ষণ বিরোধী' বিল পাশ হতেই টুইট অভিষেকের

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ সেপ্টেম্বরঃ তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসের দিনই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ধর্ষণ বিরোধী বিল আনার বার্তা দিয়েছিলেন। মঙ্গলবার পশ্চিমবঙ্গ বিধানসভায় পেশ হল 'ধর্ষণ বিরোধী' বিল। বিলে যে বিষয়গুলি উল্লেখ করা হয়েছে, তাতে সমর্থন জানিয়েছে প্রধান বিরোধী দল বিজেপিও। আর বিল পেশ হতেই নিজের এক্স হ্যান্ডেলে টুইট করলেন ডায়মন্ড হারবারের তৃণমূল সাংসদ তথা তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। লিখলেন, 'ধর্ষণ বিরোধী বিল এনে দিশা দেখাচ্ছে বাংলা।' আরজি করের ঘটনার পর থেকেই অভিযুক্তর ফাঁসির দাবি তুলেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। একই কথা দাবি ছিল অভিষেকেরও। ধর্ষকদের যাতে দ্রুত শাস্তি হয় তার জন্য কেন্দ্রের বিল আনা উচিত বলে দাবি করেছিলেন তিনি। আর সেই বিলে বিরোধীদেরও সমর্থন জানানোর আহ্বান জানিয়েছিলেন অভিষেক। তবে আরজি করের ঘটনায় যখন উত্তাল রাজ্য, দোষী বা দোষীদের শাস্তির দাবিতে যখন পথে লাখো-লাখো জনতা, সেই সময় 'ধর্ষণ বিরোধী' বিল নিতান্তই তাৎপর্যপূর্ণ বলে মত ওয়াকিবহাল মহলের। অভিষেক এক্স হ্যান্ডেলে লিখেছেন যে, ধর্ষণ বিরোধী বিল এনে দেশকে দিশা দেখাচ্ছে বাংলা। পরের সংসদীয় অধিবেশনে কেন্দ্রও এই আইন আনুক বলে দাবি করেছেন অভিষেক। শুধু তাই নয়, পঞ্চাশ দিনের মধ্যে ট্রায়াল কনভিকশন হোক বলেও দাবি তৃণমূল সাংসদের। উল্লেখ্য, মঙ্গলবার সকালে বিল পেশ হওয়ার পর তা নিয়ে বিধানসভায় শুরু হয় আলোচনা। বিরোধী দল বিজেপির পক্ষে এদিন বক্তব্য পেশ করেন শিখা চট্টোপাধ্যায়, অগ্নিমিত্রা পল ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। শিখা ও অগ্নিমিত্রা- দুই বিধায়কই জানিয়েছেন ধর্ষণ-বিরোধী এই বিলে সমর্থন জানানো হচ্ছে। শুভেন্দু অধিকারী বক্তব্য পেশ করতে উঠেই বলেন, 'বিলকে পূর্ণ সমর্থন করা হচ্ছে।'

বাইপাসে মানবশৃঙ্খল, বিশ্ববাংলা সরণী বেয়ে ডাক্তার-স্বাস্থ্যকর্মীদের ঢল

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ সেপ্টেম্বরঃ ধর্ষণ ও খুনের ঘটনায় আরও কঠোর শাস্তির বিধানের জন্য মঙ্গলবার রাজ্য বিধানসভায় বিল পাশ করেছে মমতা বন্দ্যোপাধ্যায় সরকার। তার আগে সোমবার রাতে আরজি কর হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দপ ঘোষকে গ্রেফতার করেছে সিবিআই। মঙ্গলবার আদালত চত্বরে কোনও এক বিক্ষোভকারী আবার ঠাস করে চড় কসিয়ে দিয়েছে সন্দীপের গালে। হাসপাতাল হল, ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাস তথা বিশ্ববাংলা সরণী লাগোয়া। এক মাথায় অ্যাপোলো হাসপাতাল তো অন্যমাথায় পিয়ারলেস। মাঝে রুবি ও ডিসান হাসপাতাল। দেখা যায়, বেসরকারি হাসপাতালগুলির চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের অনেকে এই মিছিলে সামিল হন। সন্ধেয় অফিস ছুটির পর সেক্টর ফাইভ থেকে যাঁরা বাড়ি ফিরছিলেন, তাঁদের অনেককে নেমে পড়তে দেখা

কিন্তু এসব ঘটনাতেও প্রতিবাদ কোনওভাবেই স্তিমিত হল না। বরং সন্ধেয় শহরে অন্যতম ব্যস্ত সড়ক ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাসে দেখা গেল প্রতিবাদী মানুষের স্বতঃস্ফূর্ত ঢল। সূর্যাস্ত হওয়ার মুখে এদিন বৃষ্টি নামে শহরে। খুব বেশি নয়, এক পশলা বৃষ্টি হয়। কিন্তু তার মধ্যেই আরজি করে নিহত চিকিৎসকের মৃত্যুতে সুবিচারের দাবিতে অবিরাম স্লোগান তুলতে থাকেন মানুষ। এই প্রতিবাদী মানুষের ভিড়ে কারা ছিলেন? পাল্টা বলা যেতে পারে, কারা ছিলেন না? কলকাতা শহরের অধিকাংশ বড় বেসরকারি যায় বাস বা শাটল গাড়ি থেকে। প্রতিবাদে সামিল হন বহু স্বাস্থ্যকর্মীর পরিবার পরিজনকে। সেই সঙ্গে বাইপাস সংলগ্ন আবাসনগুলি থেকে সাধারণ মানুষ বেরিয়ে আসেন মানব শৃঙ্খলের অংশ হয়ে উঠতে। সাধারণ মানুষের যাতে অসুবিধা না হয়, সেদিকে নজর রেখে রাস্তার একদিক ধরে মানববন্ধন করে অভিনব প্রতিবাদে শুরু করেন কলকাতার বিভিন্ন বেসরকারি হাসপাতালের চিকিৎসক, স্বাস্থ্যকর্মীরা। পাটুলি থেকে উল্টোডাঙ্গা, সমগ্র ইএম বাইপাসের একদিকে হাতে হাত ধরে মানবপ্রাচীর তৈরি করেন তাঁরা।

চাপে পড়ে সন্দীপকে সাসপেন্ড করল স্বাস্থ্যদফতর

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ সেপ্টেম্বরঃ অবশেষে সাসপেন্ড করা হল সন্দীপ ঘোষকে। গ্রেফতারির ২৪ ঘণ্টার মধ্যে সাসপেন্ড করা হল সন্দীপ ঘোষ। সাসপেন্ড করল রাজ্যের স্বাস্থ্য দফতর। তবে আরজি কর কাণ্ডের পরে এই সন্দীপ ঘোষকে ন্যাশানাল মেডিক্যালের অধ্যক্ষ পদে বসিয়েছিল স্বাস্থ্য দফতর। সেই সময় রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এনিয়ে সাফাইও দিয়েছিলেন। অবশেষে সিবিআই গ্রেফতার করতেই নড়েচড়ে বসল স্বাস্থ্য দফতর। সাসপেন্ড করা হল সন্দীপ ঘোষকে। ৮ দিনের সিবিআই হেফাজত হয়েছে সন্দীপ ঘোষের। জামিনের আবেদনই করেননি সন্দীপের আইনজীবী। কিন্তু এখানেই প্রশ্ন সন্দীপ ঘোষকে যে অভিযোগের ভিত্তিতে গ্রেফতার করা হয়েছে সেটা তো বছর খানেক আগেই গিয়েছিল মুখ্যমন্ত্রীর দফতরে। তিনিই আবার স্বাস্থ্যমন্ত্রী। পুলিশমন্ত্রীও তিনি। কিন্তু সেই সময় কেন সন্দীপ ঘোষের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হল না? এদিকে সন্দীপ ঘোষকে আদালত চত্বরেই এদিন একজন সপাটে চড় মারেন বলে খবর। জনতা চিৎকার করতে শুরু করে, চোর চোর। কিন্তু কেন সাসপেন্ড করতে এত সময় নিল সরকার? কেন আগেই সন্দীপ ঘোষের বিরুদ্ধে তদন্ত হয়নি? এদিকে সন্দীপকে সাসপেন্ড করার দাবিতে বার বার বিভিন্ন মহল থেকে দাবি তোলা হয়েছিল। অবশেষে সাসপেন্ড। সেই সাসপেন্ডের চিঠিতে লেখা রয়েছে, প্রফেসর ডাঃ সন্দাপ ঘোষের বিরুদ্ধে তদন্ত শুরু হওয়ার জেরে রুলস ৭(১সি) অনুসারে তাকে সাসপেন্ড করা হল। পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরের তরফে ওএসডি ও ইও স্পেশাল সেক্রেটারি এই নির্দেশনামা জারি করেছেন। কিন্তু সন্দীপ ঘোষকে সাসপেন্ড করতে কেন এত সময় লাগল? কেন আগেই ব্যবস্থা নিল না স্বাস্থ্যদফতর? সোমবার সন্ধ্যায় আরজি কর মেডিক্যাল কলেজ এবং হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপকে গ্রেফতার করেছিল সিবিআই। মঙ্গলবার তাঁকে আলিপুর কোর্টে পেশ করা হলে আটদিনের সিবিআই হেফাজতের নির্দেশ দিয়েছেন বিচারক। তাঁর জামিনের আর্জি জানাননি সন্দীপের আইনজীবী।

'সন্দীপ ঘোষের মামলা অন্য রাজ্যে নিয়ে যাক সিবিআই', কিসের আশঙ্কা করছেন শুভেন্দু?

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ সেপ্টেম্বরঃ তিলোত্তমার বিচারের দাবিতে ফুঁসছে গোটা দেশ, আন্দোলনের ঢেউ বাংলার প্রতিটা প্রান্তে। এরইমধ্যে বিস্ফোরক দাবি বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর। সিবিআই সন্দীপ ঘোষের মামলা অন্য রাজ্যে নিয়ে যাক। দাবি শুভেন্দুর। বলছেন, ''আমরা চাই সিবিআই এই রাজ্যের মামলা গুলো অন্য রাজ্যে নিয়ে যাক। যেমন রোজ ভ্যালির মামলা ভুবনেশ্বরে নিয়ে গিয়েছিল। এই মামলা বাইরে নিয়ে যেতে হবে। প্রয়োজনে অপোজিশন লিডার হিসেবে আমি ডাইরেক্টরকেও অনুরোধ করব।'' শুভেন্দুর এই দাবি ঘিরেই বর্তমানে ফের নতুন চর্চা শুরু হয়েছে রাজনৈতিক মহলে। তবে কী মামলা প্রভাবিত হওয়ার আশঙ্কা করছেন শুভেন্দু? তাঁর দাবি ঘিরে সেই জল্পনাই তীব্র হতে শুরু করেছে।

প্রসঙ্গত, দুর্নীতি মামলায় ইতিমধ্যেই সন্দীপ-সহ চারজনকে গ্রেফতার করেছে সিবিআই। সন্দীপ ছাড়াও সোমবার গ্রেফতার করা হয়েছে আফসার আলি, সুমন হাজরা ও বিপ্লব সিংহ নামে তিন ব্যক্তিকে। এরমধ্যে আফসার সন্দীপের ব্যক্তিগত দেহরক্ষী। বাকি দুজন ভেন্ডর হিসাবে পরিচিত। কোনও অজ্ঞাত কারণে হাসপাতালের বেশিরভাগ টেন্ডার তাঁরই পেয়ে যেতে পারে বলে অভিযোগ। চারজনকেই এদিন আদালতে তোলে সিবিআই। যদিও শুনানির শুরু থেকেই সন্দীপকে ১০ দিনের জন্য হেফাজতে চেয়েছিল সিবিআই। যদিও শেষ পর্যন্ত বিচারক সুজিত কুমার ঝা অভিযুক্ত সকলেরই ৮ দিনের সিবিআই হেফাজত মঞ্জুর করেন। এখন দেখার হেফাজতে পাওয়ার পর নতুন কী তথ্য হাতে পায় সিবিআই।

লালবাজার থেকে অবস্থান তুলে নিলেন জুনিয়র ডাক্তাররা, তবে সিপির কথায় সন্তুষ্ট নন

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ সেপ্টেম্বরঃ পুলিশ কমিশনারকে স্মারকলিপি দেওয়ার পরেই লালবাজারের সামনে থেকে অবস্থান তুলে নিলেন জুনিয়র ডাক্তাররা। তবে আন্দোলন যে আরও জোরদার হবে, দিলেন সেই বার্তাও। মঙ্গলবার জুনিয়র ডাক্তারদের সংগঠনের ২২ জনের প্রতিনিধিদল প্রায় দেড়ঘণ্টা কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েলের সঙ্গে কথা বলেন। পরে বেরিয়ে এসে তাঁরা জানান, কমিশনার তাঁদের সঙ্গে কথা বলেছেন। তাঁরা তাঁকে স্মারকলিপিটিও পড়ে শুনিয়েছেন। তবে কলকাতা পুলিশের তদন্ত চলাকালীন যে প্রশ্নগুলি তাঁদের মনে উঠেছে সেগুলির কোনও সদুত্তর পাননি। দাবি মতোই স্মারকলিপি আর প্রতীকী শিড়দাঁড়া নিয়ে এদিন লালবাজারে ঢোকেন জুনিয়র ডাক্তাররা। সেই প্রতীকী শিড়দাঁড়া টেবিলের উপর রেখেই কথা বলেন পুলিশ কমিশনার বিনীত গোয়েলের সঙ্গে। ছবিও তোলা হয় তার। এরপরেই পুলিশ কমিশনারের সঙ্গে কথা বলেন তাঁরা। বেরিয়ে এসে জুনিয়র ডাক্তাররা জানান, তাঁরা যে সিপির পদত্যাগ দাবি করছেন, এটা জানিয়েছেন তাঁকে। সিপি তাঁদের বলেছেন, যদি ঊর্ধ্বতন কর্তৃপক্ষ চান তাহলে সরতে রাজি আছেন তিনি। তবে আরজি করের সেমিনার রুমে পোস্ট গ্র্যাজুয়েট ছাত্রীকে ধর্ষণ ও খুনের ঘটনায় যে ভাবে তদন্ত প্রক্রিয়া এগোচ্ছিল

কলকাতা পুলিশ, তা নিয়ে তাঁদের বেশকিছু প্রশ্ন ছিল। সেগুলির সদুত্তর দিতে পারেনি পুলিশ। আরজি করের নির্যাতিতার জন্য বিচার চেয়ে সোমবার লালবাজার অভিযানে গিয়েছিলেন জুনিয়র ডাক্তারা। মিছিল আটকাতে দুটি ব্যারিকেড করে পুলিশ। সেই ব্যারিকেডের বাইরেই আটকে দেওয়া হয় ছাত্রদের। তবে পিছু না হটে সোমবার রাতভর সেখানেই অবস্থান করেন জুনিয়র ডাক্তাররা। রাতে পুলিশ কর্তারা তাঁদের সঙ্গে দেখা করতে এসেছিলেন। ফের মঙ্গলবার বেলা ১২ টা নাগাদ অবস্থানরত ডাক্তারদের সঙ্গে কথা বলতে আসেন অ্যাডিশনাল পুলিশ কমিশনার সন্তোষ পাণ্ডে। রাস্তা ছেড়ে দেওয়ার জন্য অনুরোধ করেন। তাঁদের একটি প্রতিনিধি দল যাতে ওই জায়গা থেকেই লালবাজারে স্মারকলিপি জমা দিয়ে আসে, সেই অনুরোধও জানান। আগের রাতের মতোই সেই অনুরোধ প্রত্যাখান করেন জুনিয়র ডাক্তাররা। তাঁরা জানিয়ে দেন, হয় পুলিশ কমিশনার বিনীত গোয়েলকে নিজে এসে তাঁদের সঙ্গে দেখা করতে হবে। সেখানেই তাঁকে স্মারকলিপি পড়ে শোনানো হবে এবং তিনি সেটি গ্রহণ করবেন। না হলে ডাক্তারদের মিছিলকে লালবাজারের দিকে বিবি গাঙ্গুলি স্ট্রিট ও বেন্টিঙ্ক স্ট্রিটের সংযোগস্থল পর্যন্ত এগোতে দিতে হবে। সেখান থেকে ডাক্তারদের একটি প্রতিনিধিদল লালবাজারে গিয়ে স্মারকলিপি জমা দেবেন। এর কোনওটাই না শোনা হলে পদত্যাগ করতে হবে কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েলকে। শেষপর্যন্ত পিছু হটে জুনিয়ার ডাক্তারদের দাবি মেনে লালবাজার পর্যন্ত তাঁদের মিছিল করে যাওয়ার অনুমতি দেয় পুলিশ। পুলিশ কমিশনারকে স্মারকলিপি দিয়ে বেরিয়ে জুনিয়র ডাক্তাররা এও জানিয়ে দেন, লালবাজারের সামনে থেকে অবস্থান তুলে নিলেও বিচারের দাবিতে তাঁদের আন্দোলন আরও জোরদার হবে।

আরজি করে অসহযোগিতার মুখে সিআইএসএফ!

নয়াদিল্লি, ৩ সেপ্টেম্বরঃ এবার আরজি করে সিআইএসএফ মোতায়েন নিয়েও রাজ্য বনাম কেন্দ্র। গত ২০ আগস্ট, আরজি করের ঘটনার প্রেক্ষিতে এই সরকারি মেডিক্যাল কলেজে নিরাপত্তার জন্য কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনী বা সিআইএসএফ কর্মীদের মোতায়েনের নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। নির্দেশ মেনে ২৩ আগস্ট থেকে আরজি করের নিরাপত্তার দায়িত্ব কাঁধে তুলে নিয়েছে এই কেন্দ্রীয় বাহিনী। কিন্তু, কাজ করতে গিয়ে তাদের পদে পদে বাধার মুখে পড়তে হয়েছে বলে অভিযোগ কেন্দ্রর। রাজ্য সরকারের পক্ষ থেকে সিআইএসএফ বাহিনীকে যথাযথ সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে না, অসবযোগিতা করা হচ্ছে বলে অভিযোগ করেছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। মঙ্গলবার (৩ সেপ্টেম্বর), এই বিষয়ে সুপ্রিম কোর্টে একটি আবেদন করেছে অমিত শাহর দফতর। তাদের দাবি, সিআইএসএফ-এর থাকার জায়গা নেই। নিরাপত্তা রক্ষায় প্রয়োজনীয় যন্ত্রপাতি নেই। পরিবহনের ব্যবস্থাও অপ্রতুল। এই অবস্থায় তাদের দায়িত্ব পালনে বহু সমস্যায় পড়ছেন সিআইএসএফ কর্মীরা। সুপ্রিম কোর্টকে মন্ত্রক জানিয়েছে, বর্তমানে সিআইএসএফ কর্মীদের থাকতে হচ্ছে কলকাতার উপকণ্ঠে এক জায়গায়। সেখান থেকে আরজি কর হাসপাতালে পৌঁছাতে তাদের এক ঘণ্টা সময় লাগছে। কাজেই, জরুরী পরিস্থিতি তৈরি সিআইএসএফ কার্যকরভাবে প্রতিক্রিয়া দিতে পারবে না। এই পরিস্থিতিতে সিআইএসএফ কর্মীদের জন্য যথাযথ সুবিধা দেওয়ার উপর জোর দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রক। কেন্দ্রর আবেদন, সিআইএসএফ-কে যাতে পশ্চিমবঙ্গ সরকার সম্পূর্ণ সহযোগিতা করে, সেই বিষয়ে রাজ্য সরকারকে স্পষ্ট নির্দেশ দিতে হবে শীর্ষ আদালতকে। শীর্ষ আদালতের আদেশ যাতে পশ্চিমবঙ্গ সরকার সম্পূর্ণরূপে মেনে চলে, তা নিশ্চিত করতে হবে। আর যদি রাজ্য ইচ্ছাকৃতভাবে সেই আদেশ না মানে, সেই ক্ষেত্রে যেন রাজ্যের বিরুদ্ধে আদালত অবমাননার মামলা দায়ের করা হয়।

দিল্লিতে খাড়গে ও রাহুলের সঙ্গে সাক্ষাৎ হেমন্তের, বললেন সবকিছুই ঠিক আছে

নয়াদিল্লি, ৩ সেপ্টেম্বর ঃ দিল্লিতে এসে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে ও লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধীর সঙ্গে সাক্ষাৎ করলেন ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন। মঙ্গলবার খাড়গে ও রাহুলের সঙ্গে সাক্ষাতের পর হেমন্ত সোরেন বলেছেন, সবকিছুই ঠিক আছে। ঝাড়খণ্ডে আসন্ন বিধানসভা নির্বাচনে তাঁরা জিতবেন বলেও আশা প্রকাশ করেছেন হেমন্ত সোরেন।কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে এবং কংগ্রেস সাংসদ তথা লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধীর সঙ্গে বৈঠকের পর ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন বলেছেন, আমি অনেক দিন ধরে তাঁদের সঙ্গে দেখা করার পরিকল্পনা করছিলাম। এটি একটি সৌজন্যমূলক বৈঠক ছিল। আমরা এখন ঝাড়খণ্ড বিধানসভা নির্বাচন নিয়ে আলোচনা করব। বাকি সব কিছুই ঠিক আছে। আমরা পূর্ণ শক্তি দিয়ে সরকার চালাব এবং আগামীতেও নির্বাচনে জয়ী হব।

নেকড়ের আতঙ্কে ঘুম উড়েছে বাহরাইচে, হিংস্র জন্তুর হামলায় আহত শিশুকন্যা

বাহরাইচ, ৩ সেপ্টেম্বর ঃ মানুষখেকো নেকড়ের ভয়ে উত্তর প্রদেশের বাহরাইচ তটস্থ। কিছুতেই ধরা যাচ্ছে না মানুষখেকো দুই নেকড়েকে। এখনও দু'টি নেকড়ে এলাকায় ঘুরে বেড়াচ্ছে। সোমবার রাতে নেকড়ের হানায় ৫ বছরের এক শিশুকন্যা আহত হয়েছে। সিএইচসি ইনচার্জ মাহাসি বলেছেন, সোমবার গভীর রাতে নেকড়ের হামলায় ৫ বছরের এক শিশুকন্যা আহত হয়েছে। ওই শিশুকন্যাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।ওই শিশুকন্যার এক আত্মীয় ওয়াসি আহমেদ বলেছেন, রাতে খাবার খাওয়ার পর সে তাঁর মায়ের সঙ্গে ঘুমিয়েছিল, সেই সময় একটি নেকড়ে আসে এবং তাঁকে আক্রমণ করে। চিৎকার শুনে নেকড়ে পালিয়ে যায়। বাড়িতে কোনও দরজা না থাকায় নেকড়ে ঢুকে পড়ে।

লাদাখের দাবি তুলে ধরার প্রয়াস, লেহ থেকে শুরু দিল্লি চলো পদযাত্রা

লেহ, ৩ সেপ্টেম্বর ঃ লাদাখের জনগণের দাবির প্রতি দৃষ্টি আকর্ষণ করার লক্ষ্যে শুরু হল দিল্লি চলো পদযাত্রা। মঙ্গলবার সকালে লেহর এনডিএস পার্ক থেকে শুরু হয়েছে দিল্লি চলো পদযাত্রা, এই পদযাত্রার আয়োজন করেছে লেহর এপেক্স বডি। এই পদযাত্রার মূল লক্ষ্য হল, লাদাখের জনগণের দাবির প্রতি দৃষ্টি আকর্ষণ করা। বিশেষিত উদ্ভাবক এবং শিক্ষা সংস্কারবাদী সোনম ওয়াংচুক এই আন্দোলনে যোগ দিয়েছেন। এজেন্ডার মধ্যে রয়েছে, লাদাখকে রাজ্যের মর্যাদা, একটি পাবলিক সার্ভিস কমিশন প্রতিষ্ঠা প্রভৃতি।সোনম ওয়াংচুক এদিন বলেছেন, এই আন্দোলনে যোগ দিতে মানুষের মধ্যে উৎসাহ রয়েছে। এপেক্স বডির মতো সংগঠন আন্দোলনের আয়োজন করছে। এটা লাদাখের মানুষের জন্য, আরও বেশি লোকজনের আমাদের সঙ্গে যোগ দেওয়া উচিত। মানুষের মধ্যে উৎসাহ উদ্দীপনা বিরাজ করছে। আন্দোলনে যোগ দিচ্ছেন প্রবীণ নাগরিক, মহিলারা। সুইজারল্যান্ডে বসবাসকারী ৯০ বছর বয়সী লাদাখের মহিলা আন্দোলনে যোগ দিতে আসছেন। জনগণ শান্তিপূর্ণভাবে নিজেদের দাবি আদায় করছেন। ভারত সরকারের উচিত আনন্দের সঙ্গে দাবি পূরণ করা। লাদাখের মানুষ ভারতের সঙ্গে যুক্ত।

২৩৪টি পরিষেবা বঞ্চিত শহরে বেসরকারি এফএম রেডিও চালু করার প্রস্তাবে কেন্দ্রীয় মন্ত্রিসভার অনুমোদন

নয়াদিল্লি(পিআইবি),৩ সেপ্টেম্বরঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা তৃতীয় দফায় ২৩৪টি পরিষেবা বঞ্চিত শহরে ৭৩০টি বেসরকারি এফএম রেডিও চালু করার প্রস্তাবে অনুমোদন দিয়েছে। এক্ষেত্রে আনুমানিক ভিত্তিমূল্য ধরা হয়েছে ৭৮৪.৮৭ কোটি টাকা। মন্ত্রিসভা প্রস্তাবিত এই এফএম চ্যানেলগুলির বার্ষিক

লাইসেন্স ফি জিএসটি বাদ দিয়ে মোট রাজস্বের ৪ হবে বলে স্থির করেছে। মাতৃভাষায় স্থানীয় প্রশ্নে প্রাসঙ্গিক বিষয়বস্তু ঘিরে সম্প্রচার এবং কর্মসংস্থানের সুযোগ তৈরি এখানে লক্ষ্য।নতুন এই এলাকাগুলির মধ্যে রয়েছে বেশ কয়েকটি উচ্চাভিলাষী, উগ্র বামপন্থা প্রভাবিত এবং সীমান্ত অঞ্চল।মন্ত্রিসভার আজকের সিদ্ধান্ত অনুসারে পশ্চিম বঙ্গের আলি পুরদুয়ারে ৩টি, বহরমপুরে ৪টি, বালুরঘাটে ৩টি, বনগাঁও-এ ৩টি, বাঁকুড়ায় ৩টি, বর্ধমানে ৪টি, দার্জিলিংএ ৩টি, ধুলিয়ানে ৩টি, ইংলিশ বাজারে ৪টি, খড়গপুরে ৩টি, কৃষ্ণনগরে ৩টি, পুরুলিয়ায় ৩টি এবং রায়গঞ্জে ৩টি এফএম রেডিও স্টেশন গড়ে তোলা হবে।এছাড়াও ওড়িশায় ১৯টি, ঝাড়খণ্ডে ১৯টি, ছত্তিশগড়ে ৯টি, বিহারে ৫৭টি, অসমে ১৮টি এফএম রেডিও স্টেশন গড়ে উঠবে। জম্মু কাশ্মীরের অনন্তনাগে গড়ে তোলা হবে ৩টি রেডিও স্টেশন।

দুটি প্রধান বাণিজ্য তালুক মুম্বাই ও ইন্দোরের মধ্যে হ্রস্বতম রেল সংযোগ

নয়াদিল্লি(পিআইবি),৩সেপ্টেম্বরঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে অর্থনৈতিক বিষয়ক কেন্দ্রীয় মন্ত্রিসভার কমিটি ১৮ হাজার ৩৬ কোটি টাকার একটি নতুন রেল লাইন প্রকল্প অনুমোদন করেছে। রেল মন্ত্রকের অধীনে নতুন লাইনটি ইন্দোর এবং মানমাদের মধ্যে সরাসরি সংযোগ স্থাপন করবে। বাড়বে চলাচলের সুবিধা, দক্ষতা বৃদ্ধি হবে এবং রেল পরিষেবায় আস্থা বৃদ্ধি পাবে। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীজির ভাবনা অনুযায়ী এই প্রকল্পটি এই অঞ্চলের মানুষকে 'আত্মনির্ভর' করে তুলবে। এতে বাড়বে কর্মসংস্থান ও স্বনির্ভরতার সুযোগ। বহুমুখী সংযোগ স্থাপনের জন্য পিএম গতিশক্তি ন্যাশনাল মাস্টার প্ল্যানের এই প্রকল্প সম্ভব হয়েছে সুসংহত পরিকল্পনার মাধ্যমে। এতে যাত্রী, পণ্য ও পরিষেবা চলাচলের জন্য অবাধ সংযোগ স্থাপন হবে। মহারাষ্ট্র ও মধ্যপ্রদেশ - এই দুই রাজ্যের ৬টি জেলা জুড়ে এই প্রকল্প ভারতীয় রেলের চলতি নেটওয়ার্ক বৃদ্ধি করবে ৩০৯ কিলোমিটার। ন্ডএই প্রকল্পে ৩০টি নতুন স্টেশন তৈরি হবে। প্রত্যাশাযুক্ত জেলা বারাউনির সঙ্গে সংযোগ বৃদ্ধি পাবে। এই নতুন প্রকল্পে প্রায় ১ হাজার গ্রাম ও প্রায় ৩০ লক্ষ মানুষ রেলের সুবিধা পাবেন।ন্ডএই প্রকল্প সংশ্লিষ্ট অঞ্চলে পর্যটনের প্রসার ঘটাবে। দেশের পশ্চিমদক্ষিণ-পশ্চিম অংশকে জুড়বে মধ্য ভারতের সঙ্গে। এতে শ্রীমহাকালেশ্বর জ্যোতির্লিঙ্গ মন্দির সহ উজ্জয়িনী - ইন্দোর অঞ্চলের বিভিন্ন পর্যটন ক্ষেত্রে অধিক সংখ্যায় পর্যটক সমাগম হবে। জেএনপিএ এবং অন্য বন্দর থেকে পিতমপুর মোটর গাড়ির শিল্প তালুকে সরাসরি যোগাযোগ স্থাপন হবে। মধ্যপ্রদেশের মিলেট উৎপাদক জেলা এবং মহারাষ্ট্রের পেঁয়াজ উৎপাদক জেলাগুলি এই রেলপথে যুক্ত হবে। ফলে, দেশের উত্তর থেকে দক্ষিণে এই পণ্য পরিবহণে সুবিধা হবে।ন্ডকৃষিজ পণ্য, সার, কন্টেনার, লৌহ আকরিক, ইস্পাত, সিমেন্ট ইত্যাদির মতো পণ্য পরিবহণে এটি একটি জরুরি রেল পথ। বছরে প্রায় অতিরিক্ত ২৬ মিলিয়ন টন পণ্য পরিবহণ করা যাবে। সেইসঙ্গে, পরিবেশ রক্ষার পাশাপাশি দেশের লজিস্টিকজনিত খরচও কমবে।

গুজরাটে এখনই থামবে না বর্ষণ, সমগ্র দেশেই অব্যাহত থাকবে বৃষ্টিপাত

নয়াদিল্লি, ৩ সেপ্টেম্বর ঃগুজরাটে বৃষ্টি থামার এখনই কোনও লক্ষণ নেই, আগামী ৬ সেপ্টেম্বর পর্যন্ত বৃষ্টি চলবে গুজরাটের বিভিন্ন অংশে। ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি) জানিয়েছে, ৪ সেপ্টেম্বর সৌরাষ্ট্র, কচ্ছ সহ গুজরাটের বিভিন্ন অংশে ভারী বৃষ্টিপাত হবে। ৫ ও ৬ সেপ্টেম্বরও গুজরাটে অব্যাহত থাকবে বৃষ্টিপাত। দেশের বিভিন্ন রাজ্যেও চলবে বৃষ্টিপাত। উত্তরাখণ্ড, রাজস্থান, পশ্চিম মধ্যপ্রদেশ ও মধ্য মহারাষ্ট্র, গোয়া ও ওড়িশার বিভিন্ন অংশে ৫ সেপ্টেম্বর ভারী বৃষ্টি হবে। ৬ সেপ্টেম্বরও দেশের এই অংশে ভারী বৃষ্টি প্রত্যাশিত। এরপর ৭ ও ৮ সেপ্টেম্বর উত্তরাখণ্ড, রাজস্থান, মধ্য মহারাষ্ট্র, কোঙ্কন ও গোয়া এবং ছত্তিশগড়ে ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।অন্যদিকে শিমলাসহ হিমাচল প্রদেশের ৯টি জেলায় আগামী ২৪ ঘণ্টার জন্য ভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে। এই মর্মে জারি রয়েছে হলুদ সতর্কতাও। তবে, ৫ সেপ্টেম্বরের পর থেকে বৃষ্টিদুর্যোগ কাটবে হিমাচল প্রদেশে। ৩ সেপ্টেম্বর, মঙ্গলবার হিমাচল প্রদেশের শিমলা, সোলান, কুল্লু, সিরমৌর, উনা, বিলাসপুর, মান্ডি, কাংড়া ও হামিরপুর জেলায় ভারী বৃষ্টির সতর্কতা জারি রয়েছে। আবহাওয়া দফতর জানিয়েছে, ৫ সেপ্টেম্বর পর্যন্ত হিমাচলের বিভিন্ন জেলায় বৃষ্টি হবে। তারপর থেকে পাহাড়ে বৃষ্টি কমবে।এদিকে, দেবভূমি উত্তরাখণ্ডেও ভারী বৃষ্টিপাত হয়েই চলেছে। উত্তরাখণ্ডে আপাতত বৃষ্টি থেকে রেহাই মিলবে না। উত্তরাখণ্ডের দেহরাদূন ও বাগেশ্বরে আগামী ২৪ ঘণ্টাও ভারী বৃষ্টিপাত চলবে। অন্যান্য জেলাগুলিতেও হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে। সাম্প্রতিক বৃষ্টিতে এমনিতেই রাজ্যের নানা অংশে বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে, এমতাবস্থায় আরও বৃষ্টি হলে পরিস্থিতি হাতের নাগালের বাইরে চলে যেতে পারে।বৃষ্টি হয়েই চলেছে গুজরাটে, অবিশ্রান্ত বৃষ্টিতে গুজরাটের বিভিন্ন জেলায় স্বাভাবিক জনজীবন বিপর্যস্ত। মঙ্গলবারও ভারী বৃষ্টি হয়েছে গুজরাটের গান্ধীনগর, ভারুচে। অবিরাম বৃষ্টিতে গান্ধীনগরের নানা স্থানে জল জমে গিয়েছে। রাস্তায় জল জমে যাওয়ায় ধীর গতিতে চলাচল করেছে যানবাহন।অন্যদিকে গান্ধীনগরের সেক্টর ১৩-তে মহাত্মা মন্দির আন্ডারব্রিজ জলমগ্ন হয়ে পড়েছে। গুজরাটের ভারুচেও ভারী বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত। ভারতীয় আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ৬ সেপ্টেম্বর পর্যন্ত বৃষ্টি চলবে গুজরাটের বিভিন্ন অংশে। ৪ সেপ্টেম্বর সৌরাষ্ট্র, কচ্ছ-সহ গুজরাটের বিভিন্ন অংশে ভারী বৃষ্টিপাত হবে। ৫ ও ৬ সেপ্টেম্বরও গুজরাটে অব্যাহত থাকবে বৃষ্টিপাত। অন্যদিকে জয়পুরতে,ভারতীয় আবহাওয়া দফতরের পূর্বাভাস মতোই মঙ্গলবার ভারী বৃষ্টিতে ভিজলো মরুরাজ্য রাজস্থানের বিভিন্ন জেলা। বৃষ্টি এতটাই হয়েছে যে, সকালেই নেমে আসে আঁধার। মঙ্গলবার রাজস্থানের রাজসমন্দ, উদয়পুরে ভারী বৃষ্টিপাত হয়েছে। প্রবল বৃষ্টিতে সকালের দিকে স্বাভাবিক জনজীবন বিপর্যস্ত হয়ে পড়ে।রাজস্থানের রাজসমন্দে মঙ্গলবার সকালে প্রবল বর্ষণ হয়েছে, রাস্তা জলমগ্ন হয়ে পড়ায় স্বাভাবিক জীবনযাত্রা স্থবির হয়ে পড়েছে। বৃষ্টিতে মাঠ ভরাট, জলের স্তর বেড়েছে এবং সকালেই নেমে আসে আঁধার। ভারী বৃষ্টি হয়েছে রাজস্থানের উদয়পুরেও। ভারতীয় আবহাওয়া দফতর জানিয়েছে, রাজস্থানের বিভিন্ন জেলায় আগামী ৭ ও ৮ সেপ্টেম্বর পর্যন্ত বৃষ্টিপাত চলবে।

হরিয়ানায় জোট নিয়ে রাহুলের মন্তব্যকে স্বাগত সঞ্জয়ের, বললেন প্রধান লক্ষ্য বিজেপিকে হারানো

নয়াদিল্লি, ৩ সেপ্টেম্বর ঃ হরিয়ানায় আসন্ন বিধানসভা নির্বাচনের কংগ্রেস নেতা তথা লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধীর জোট সংক্রান্ত মন্তব্যকে স্বাগত জানালেন আম আদমি পার্টির সাংসদ সঞ্জয় সিং। সঞ্জয় বলেছেন, তাঁদের একটাই লক্ষ্য, আর সেটা হল বিজেপিকে পরাস্ত করা।রাহুল গান্ধীর জোট মন্তব্য প্রসঙ্গে মঙ্গলবার এএপি সাংসদ সঞ্জয় সিং বলেছেন, আমরা স্বাগত জানাচ্ছি। আমাদের অগ্রাধিকার হল বিজেপিকে পরাজিত করা। আমাদের হরিয়ানার ইনচার্জ সন্দীপ পাঠক এবং সুশীল গুপ্তা এ বিষয়ে আলোচনা করবেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন এবং অরবিন্দ কেজরিওয়ালকে এই সম্পর্কে অবহিত করবেন এবং সেই অনুযায়ী সিদ্ধান্ত নেওয়া হবে।

সড়কে নাগরিকদের নিরাপত্তা সবচেয়ে গুরুত্বপূর্ণঃনীতিন গড়করি

নয়াদিল্লি, ৩ সেপ্টেম্বর ঃ সড়কে নাগরিকদের নিরাপত্তা সবচেয়ে গুরুত্বপূর্ণ। জোর দিয়ে বললেন কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গড়করি। মঙ্গলবার নতুন দিল্লিতে টানেলিং ইন্ডিয়ার দ্বিতীয় সংস্করণে ভাষণ দেওয়ার সময় কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গড়করি বৃষ্টিপাত, ভূমিধস এবং বন্যার বিরুদ্ধে রাস্তাগুলিতে ব্যয়-কার্যকর স্থায়ী সমাধানের প্রয়োজনীয়তা তুলে ধরেন।গড়করি আরও বলেছেন, ভারতকে পাঁচ ট্রিলিয়ন ডলারের অর্থনীতিতে পরিণত করতে কাজ করছে সরকার। তিনি প্রকল্পে সাফল্যের জন্য প্রমাণিত প্রযুক্তি, অর্থনৈতিক কার্যকারিতা, কাঁচামালের প্রাপ্যতা এবং সমাপ্ত পণ্যের বাজার জাতকরণের উপর জোর দেন।

উড়ানের পরই আচমকাই যাত্রী সহ নিখোঁজ

মস্কো, ৩ সেপ্টেম্বরঃপূর্ব কামচাটকা উপদ্বীপের কাছ থেকে মাঝ আকাশে আচমকাই নিখোঁজ রাশিয়ার হেলিকপ্টার । তিনজন কর্মী সহ মোট ২২ জন ছিলেন ওই হেলিকপ্টারে। শনিবার হেলিকপ্টারটি নিখোঁজ হয়ে গিয়েছে। ইতিমধ্যেই হেলিকপ্টারটির খোঁজে শুরু হয়েছে তল্লাশি অভিযান।জানা গিয়েছে, ঐদিন সকালে ভাচকাজেটস আগ্নেয়গিরির কাছে একটি বেস ক্যাম্প থেকে কামচাটকার নিকোলভা গ্রামের উদ্দেশে

নিজাম প্যালেসে অগ্নিকাণ্ড, দমকলের চেষ্টায় এল আয়ত্তে

কলকাতা, ৩ সেপ্টেম্বর ঃ মঙ্গলবার সকাল ৯টা ৫৬ মিনিট নাগাদ কলকাতার নিজাম প্যালেসের গভমেন্ট সার্ভেন্ট কোয়ার্টারের ৬ তলায় ভয়াবহ আগুন লাগে। সঙ্গে সঙ্গেই পুরো এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। নিজাম প্যালেসে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই-এর দফতরও অবস্থিত।সূত্রের খবর অনুযায়ী, ৬ তলায় কেন্দ্রীয় সরকারের আধিকারিকদের কোয়ার্টারে এই আগুনের সূত্রপাত হয়। খবর পেয়ে ঘটনাস্থলে দ্রুত দমকলের তিনটি ইঞ্জিন পৌঁছায়। দমকল কর্মীদের প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। আগুন লাগার কারণ এখনও সঠিকভাবে জানা যায়নি। তবে যেখানে আগুন লাগে, সেখানে দুটি সিলিন্ডার এবং একটি ওভেন ছিল। রান্নার কাজের সময় আগুন লেগেছে কিনা, তা খতিয়ে দেখা হচ্ছে। বর্তমানে আগুন সম্পূর্ণ নিয়ন্ত্রণে আনা হয়েছে। ক্ষয়ক্ষতির বিস্তারিত তথ্য এখনও পাওয়া যায়নি।

ছত্তিশগড়ে বড় সাফল্য সুরক্ষা বাহিনীর, দান্তেওয়াড়া-বিজাপুর সীমানায় নিকেশ ৯ মাওবাদী

রায়পুর, ৩ সেপ্টেম্বর ঃ ছত্তিশগড়ে মাওবাদী নিকেশ অভিযানে বড়সড় সাফল্য পেল সুরক্ষা বাহিনী। ছত্তিশগড়ের মাওবাদী অধ্যুষিত দান্তেওয়াড়া-বিজাপুর সীমানায় এনকাউন্টারে নিকেশ হয়েছে ৯ মাওবাদী। বস্তার রেঞ্জের আইজি পি সুন্দররাজ বলেছেন, মঙ্গলবার সকালে দান্তেওয়াড়া-বিজাপুর সীমানায় জঙ্গলে মাওবাদী ও সুরক্ষা বাহিনীর মধ্যে গুলির লড়াই শুরু হয়। এই গুলির লড়াইয়ে নিকেশ হয়েছে ৯ মাওবাদী।দান্তেওয়াড়ার পুলিশ সুপার গৌরব রাই বলেছেন, নিরাপত্তা বাহিনী একটি যৌথ অভিযান শুরু করেছিল এবং নকশালরা নিরাপত্তা বাহিনীর ওপর গুলি চালায় এবং সেই অনুযায়ী ব্যবস্থা নেওয়া হয়েছিল। এনকাউন্টারের পর ৯টি মাওবাদীর মৃতদেহ উদ্ধার করা হয়েছে। উদ্ধার করা হয়েছে অস্ত্র ও গোলাবারুদ। সব জওয়ানই নিরাপদ। তল্লাশি অভিযান চলছে।

আর জি কর কাণ্ড নিয়ে দিলীপ ঘোষের কটাক্ষ

বহরমপুর, ৩ সেপ্টেম্বর ঃআর জি কর কাণ্ডে গত সোমবার সিবিআই-এর তরফে গ্রেফতারির পর মঙ্গলবার সকালে বহরমপুরে প্রাতভ্রমণে বেরিয়ে রাজ্য সরকার এবং তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে তীব্র সমালোচনা করেন বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। তিনি বলেন, দড়ি ধরে মারো টান রানী হবে খানখান, যা স্পষ্টতই সরকারের বিরুদ্ধে তীক্ষ্ণ কটাক্ষ।আর জি কর হাসপাতালে জুনিয়র চিকিৎসকদের আন্দোলনকে পুনরায় স্বাগত জানিয়ে তিনি বলেন, এই আন্দোলন শুধু চিকিৎসকদের নয়, এই ঘটনার প্রতিবাদে বাংলার আপামর জনসাধারণ ঐক্যবদ্ধ হয়েছে। দিলীপ ঘোষের মন্তব্য রাজনৈতিক মহলে উত্তাপ বাড়ছে।

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক প্রায় ১ একর জমিতে মাতৃ বন স্থাপন করবেঃ শিবরাজ সিং চৌহান

নয়াদিল্লি(পিআইবি),৩সেপ্টেম্বরঃ কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ এবং গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান আইএআরআই এর ক্যাম্পাস পুসায় 'এক পেড় মা কে নাম' প্রচারাভিযানের আওতায় চারাগাছ রোপণ করেছেন। তিনি জানান, মন্ত্রকের উদ্যোগে প্রায় ১ একর জমিতে মাতৃ বন স্থাপন করা হবে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শ্রী রামনাথ ঠাকুর সহ কৃষি ও কৃষক কল্যাণ এবং গ্রামোন্নয়ন মন্ত্রকের প্রায় ২০০ আধিকারিক ও কর্মী এবং স্কুলের ছাত্র-ছাত্রীরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। মন্ত্রী জানান, মন্ত্রকের অধীনস্থ সব দপ্তর ও প্রতিষ্ঠানের ক্যাম্পাসে এই একই দিনে, একই সময়ে চারা রোপণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আশা করা হচ্ছে এই উদ্যোগের ফলে এক দিনেই ৩৪ হাজার চারা রোপণ করা সম্ভব হবে। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, গত ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'এক পেড় মা কে নাম' অভিযানের সূচনা করেছিলেন। প্রধানমন্ত্রীর সংকল্পকে রূপ দিতে তাঁর মন্ত্রক এই অভিযানকে এক গণ আন্দোলনের চেহারা দেওয়ার লক্ষ্যে আজ থেকে কাজ শুরু করলো। অনুষ্ঠানে উপস্থিত সকলকে শ্রী চৌহান এই আন্দোলনে যোগ দেওয়ার অনুরোধ জানান। এই অভিযানের অঙ্গ হিসেবে কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক সেপ্টেম্বর মাসের মধ্যে দেশ জুড়ে ৮০ কোটি এবং আগামী বছরের মার্চ মাসের মধ্যে ১৪০ কোটি চারা রোপণের লক্ষ্য নিয়েছে। গত ২০ জুন আসোলা ভাতি অভয়ারণ্যে এর সূচনা হয়েছে। পরিবেশ সচেতন জীবনশৈলী গড়ে তোলার লক্ষ্যে সরকারের উদ্যোগে যে মিশন লাইফের সূচনা হয়েছে, এই উদ্যোগ সেই কাজেও সহায়ক হবে বলে মনে করা হচ্ছে। গাছের সংখ্যা বৃদ্ধি পেলে সুস্থিত কৃষির লক্ষ্য অর্জন করা সম্ভব হবে, জমি ও জলের গুণগত মান বাড়বে, জীব বৈচিত্র্য বৃদ্ধি পাবে। এছাড়া কৃষকরাও কাষ্ঠজাত পণ্য থেকে অতিরিক্ত উপার্জনের সুযোগ পাবেন। ভূমিক্ষয় রোধেও এই উদ্যোগ বিশেষ ফলদায়ক হবে বলে মনে করা হচ্ছে।

সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে মেয়েদের জন্য নিরাপদ পরিবেশ তৈরি করা উচিতঃরাষ্ট্রপতি

পুণে, ৩ সেপ্টেম্বর ঃ সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে মেয়েদের জন্য নিরাপদ পরিবেশ তৈরি করা উচিত। কারণ মেয়েরা দেশের উন্নয়নের অবিচ্ছেদ্য অংশ। বললেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। মঙ্গলবার পুণেতে সিম্বোসিস ইউনিভার্সিটির ২১তম সমাবর্তন অনুষ্ঠানে লিঙ্গ সমতার উপরও জোর দিয়েছেন রাষ্ট্রপতি মুর্মু। অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের লক্ষ্যে এই বিশ্ববিদ্যালয়ের প্রচেষ্টার প্রশংসা করেন রাষ্ট্রপতি। উল্লেখ্য, এগারোটি স্বর্ণপদক বিজয়ীদের মধ্যে ৮ জনই মেয়ে।রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সমাবর্তন অনুষ্ঠানে বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানের লক্ষ্য হওয়া উচিত মূল্যবোধ ভিত্তিক শিক্ষা প্রদান করা এবং শিক্ষার্থীদের সমাজের সংস্কৃতি ও চাহিদা বুঝতে সাহায্য করা। রাষ্ট্রপতি আশা প্রকাশ করে বলেন, বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক শিক্ষার্থীরা নিজেদের জ্ঞান ও দক্ষতা ব্যবহার করে নিজ নিজ দেশে মানবতার উন্নতিতে অবদান রাখবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহারাষ্ট্রের রাজ্যপাল সিপি রাধাকৃষ্ণন এবং রাজ্যের উচ্চ ও কারিগরি শিক্ষামন্ত্রী চন্দ্রকান্ত পাটিল। ৮৫টি দেশের শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করছেন, যারা রাষ্ট্রপতিকে নিজ নিজ দেশের পতাকা উপহার দিয়েছেন।

ব্রুনেই পৌঁছলেন প্রধানমন্ত্রী মোদী, উষ্ণ অভ্যর্থনা প্রবাসী ভারতীয়দের

ব্রুনেই, ৩ সেপ্টেম্বর ঃব্রুনেই পৌঁছলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মঙ্গলবার সকালে দিল্লি থেকে বিশেষ বিমানে ব্রুনেইয়ের উদ্দেশ্যে রওনা হন প্রধানমন্ত্রী, আর এদিন বিকেলের আগেই তিনি পৌঁছে যান ব্রুনেইয়ের রাজধানী বন্দর সেরি বেগাওয়ানে। সেখানে প্রবাসী ভারতীয়রা প্রধানমন্ত্রী মোদীকে স্বাগত জানান।দুই দেশের মধ্যে দীর্ঘ ৪০ বছরের কূটনৈতিক সম্পর্ক থাকা সত্ত্বেও এই প্রথম কোনও ভারতীয় প্রধানমন্ত্রী ব্রুনেইয়ে পা রাখলেন। তিন দিনের এই সফরে সিঙ্গাপুরও যাবেন তিনি। দ্বীপরাষ্ট্র ব্রুনেই তেল সমৃদ্ধ। অন্য দিকে সিঙ্গাপুরের সঙ্গে সুসম্পর্ক রয়েছে চিনের। ফলে প্রধানমন্ত্রীর এই সফর বেশ তাৎপর্যপূর্ণ। দুই দেশের সঙ্গেই একাধিক ক্ষেত্রে চুক্তি হতে পারে দিল্লির।ব্রুনেইয়ের সুলতান হাজি হাসানাল বলকিয়া এবং রাজপরিবারের অন্যান্য সদস্যদের সঙ্গে দেখা করার পর বুধবার সিঙ্গাপুর পৌঁছবেন মোদী। সিঙ্গাপুরের নতুন প্রধানমন্ত্রী লরেন্স ওয়াং এবং ভারতীয় বংশোদ্ভূত প্রেসিডেন্ট থার্মান শন্মুগরত্নমের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক

করেন তিনি। এরপর তিনি ব্রুনেই সফরের পর প্রধানমন্ত্রী মোদী যাবেন সিঙ্গাপুরে, সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লরেন্স ওং-এর আমন্ত্রণে ৪-৫ সেপ্টেম্বর সিঙ্গাপুর সফরে যাবেন প্রধানমন্ত্রী মোদী। এই সফরের সময় প্রধানমন্ত্রী মোদী ব্রুনেইয়ের সঙ্গে ভারতের দ্বিপাক্ষিক সম্পর্কের ও সহযোগিতার সমস্ত দিক নিয়ে দ্বিপাক্ষিক আলোচনা করবেন এবং সহযোগিতার জন্য নতুন ক্ষেত্রগুলিও অন্বেষণ করবেন। সিঙ্গাপুরে গিয়ে সে দেশের প্রধানমন্ত্রীর সঙ্গেও দ্বিপাক্ষিক বৈঠক করবেন প্রধানমন্ত্রী মোদী।

অপরাধীদের জন্য তাদের পরিবারকে শাস্তি দেওয়া উচিত নয়ঃমায়াবতী

লখনউ, ৩ সেপ্টেম্বর ঃ ফৌজদারি মামলায় জড়িতদের বাড়ি ভেঙে ফেলার বিষয়ে সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণকে স্বাগত জানিয়েছেন বহুজন সমাজ পার্টির প্রধান মায়াবতী। তাঁর মতে, অপরাধীদের অপরাধের জন্য তাদের পরিবারকে শাস্তি দেওয়া উচিত নয়। মায়াবতী মঙ্গলবার সকালে নিজের এক্স হ্যান্ডেলে লিখেছেন, দেশে অপরাধীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া উচিত এবং তাদের অপরাধের জন্য তাদের পরিবার এবং কাছের লোকজনকে শাস্তি দেওয়া উচিত নয়। আমাদের দলের সরকারও 'আইনের শাসন আইন' প্রতিষ্ঠা করে তা দেখিয়েছে।মায়াবতী এক্স-এ আরও লিখেছেন, সুপ্রিম কোর্টের নির্ণয় অনুযায়ী এখন

বুলডোজার ব্যবহার করতে হবে। অপরাধীদের পরিবার ও ঘনিষ্ঠদের উপর বুলডোজার ব্যবহার করার পরিবর্তে, এই ধরনের উপাদানের সঙ্গে যারা যোগসাজশ করে ভুক্তভোগীদের সঠিক বিচার করে না তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া উচিত। সব সরকারকেই এ দিকে নজর দিতে হবে।

রাজস্থানের বাড়মেরএ ভেঙে পড়ল মিগ-২৯ বিমান, তদন্তের নির্দেশ বায়ুসেনার

বাড়মের, ৩ সেপ্টেম্বর ঃ রাজস্থানের বাড়মের সেক্টরে ভেঙে পড়ল ভারতীয় বায়ুসেনার একটি মিগ-২৯ যুদ্ধ বিমান। সোমবার রাতে রুটিন প্রশিক্ষণের সময় ভেঙে পড়ে বিমানটি। মাটিতে আছড়ে পড়ার পর বিমানে আগুনে ধরে যায়। বায়ুসেনার তরফ থেকে জানানো হয়েছে, বিমানের পাইলট নিরাপদে বেরিয়ে এসেছেন। প্রাণহানির কোন খবর পাওয়া যায়নি। দুর্ঘটনার কারণ অনুসন্ধানে তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে।বায়ুসেনার পক্ষ থেকে জানানো হয়েছে, বাড়মের সেক্টরে রুটিন রাত্রিকালীন প্রশিক্ষণ মিশনের সময়, একটি আইএএফ মিগ-২৯ জটিল প্রযুক্তিগত সমস্যার সম্মুখীন হয়, পাইলট নিরাপদে বেরিয়ে আসেন। পাইলট নিরাপদ রয়েছেন এবং জীবন অথবা সম্পত্তির কোনও ক্ষতির খবর পাওয়া যায়নি। কোর্ট অব ইনকোয়ারির নির্দেশ দেওয়া হয়েছে। স্থানীয়রা জানিয়েছেন, মাটিতে আছড়ে পড়ার পর বিমানে আগুন ধরে যায় ও বিকট শব্দ শোনা যায়।

নতুন বিলের পরিপ্রেক্ষিতে বিজেপির সংশোধনী গৃহীত

কলকাতা, ৩ সেপ্টেম্বরঃ বিরোধী দল বিজেপির আনা সমস্ত সংশোধনী গৃহীত হয়েছে মঙ্গলবারের সভায়। বিল নিয়ে আলোচনার প্রারম্ভে বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে আশ্বস্ত করে এদিনের সভায় জানান, নতুন বিলের প্রেক্ষিতে নিয়ে আসা ৭টি সংশোধনী প্রস্তাব উত্থাপন করা হয়েছিল তা গ্রহণ করেছে রাজ্য সরকার। সরকার পক্ষের তরফে এ নিয়ে সভাকে জানিয়েছেন তিনি। যদিও ক্রমিক সংখ্যা অনুযায়ী তা অদলবদল করা হয়েছে। এ প্রসঙ্গে পরিষদীয় মন্ত্রী শোভনদেব

চট্টোপাধ্যায় এই নতুন বিলের পক্ষে বক্তব্য রাখতে গিয়ে সভায় জানান, এই বিল সমর্থন করেছেন ও বিজেপির সদস্যরা সভায় হাজির রয়েছেন। এই ছবি বিরোধীদের নতুন আইনে সায় রয়েছে ধরে নেওয়া যায়। উল্লেখ্য, এদিনের সভায় প্রত্যেক বিজেপির সদস্যদের গলায় কালো রঙের উত্তরীয় ঝোলানো ছিল।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

১৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ, মঙ্গলবার, ইংরেজীঃ৩ সেপ্টেম্বর ২০২৪, ৫৩৮ চৈতনাব্দ, কলিঃ৫১২৫, সৌরঃ১৮ ভাদ্র, চান্দ্রঃ৩০ ঋষিকেশ মাস, ১৯৪৬ শকাব্দ ২০৮১ বিক্রম সাম্বৎ, ২৫৬৮ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১৯ ভাদ্র ১৪৩১, ভারতীয় সিভিলঃ১২ ভাদ্র ১৯৪৬, মৈতৈঃ৩০ হাবান, আসামঃ১৭ ভাদ, মুসলিমঃ ২৮সফর১৪৪৬ হিজরী।মুসলিম পর্বঃ আখেরি চাহার সুম্বাসূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২২ঃ২৬ এবং অস্তঃ বিকাল ০৫ঃ৪৭ঃ৫৫।চন্দ্র উদয়ঃ সকাল ০৬ঃ০৮ঃ৫৭(৪) এবং অস্তঃ বিকাল ০৬ঃ৩৭ঃ২২(৪)।শুক্ল পক্ষ ।তিথিঃপ্রতিপদ (নন্দা) সকাল ঘ ০৭ঃ৩৭ঃ৫৭ দং ৫৩৭৫০ পর্যন্ত নক্ষত্রঃপূর্বফাল্গুনী সকাল ঘ ০২ঃ ৩৩ঃ৪৫ দং ৫২৫৭২০ পর্যন্ত পরে উত্তরফাল্গুনীকরণঃকিন্তুঘ্ন সন্ধ্যা ঘ ০৬ঃ৪৩ঃ১৩ দং ৩৩২১৪৫ পর্যন্ত পরে ববযোগঃসিদ্ধ রাত্রিঃ০৭ঃ৪৮ঃ ২৪ দং ৩৬৪৪২.৫ পর্যন্ত পরে সাধ্যঅমৃতযোগঃদিন ০৭ঃ৫১ঃ৩৭ থেকে ১০ঃ২০ঃ৪৩ পর্যন্ত, তারপর ১২ঃ৪৯ঃ৪৯ থেকে ০২ঃ২৯ঃ১৩ পর্যন্ত, তারপর ০৩ঃ১৮ঃ৫৫ থেকে ০৪ঃ৫৮ঃ১৯ পর্যন্ত এবং রাত্রি ০৫ঃ ৪৮ঃ০১ থেকে ০৬ঃ৩৪ঃ১৯ পর্যন্ত, তারপর ০৮ঃ৫৩ঃ১৩ থেকে ১১ঃ ১২ঃ০৭ পর্যন্ত, তারপর ০১ঃ৩১ঃ০১ থেকে ০৩ঃ০৩ঃ৩৭ পর্যন্ত। কুলিকবেলাঃ দিন ১২ঃ৪৯ঃ৪৯ থেকে ০১ঃ৩৯ঃ৩১ পর্যন্ত। কুলিকরাত্রিঃ১১ঃ৫৮ঃ২৫ থেকে ১২ঃ৪৪ঃ৪৩ পর্যন্ত।বারবেলাঃদিন ০৬ঃ৫৫ঃ৪২ থেকে ০৮ঃ২৮ঃ৫৪ পর্যন্ত।কালবেলাঃদিন ০১ঃ০৮ঃ২৭ থেকে ০২ঃ৪১ঃ৩৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৭ঃ১৪ঃ৫০ থেকে ০৮ঃ ৪১ঃ৩৮ পর্যন্তগ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ৪১৭২৩৯ (১১) ২ পদচন্দ্রঃ৪২৬৫৭৫৬ (১২) ১ পদমঙ্গলঃ২২৪২৩৭ (৫) ৩ পদবুধঃ ৪১২৭৩ (১০) ১ পদবৃহস্পতিঃ ১২৬৭৪ (৫) ১ পদশুক্রঃ ৫১১৫৮৪৮ (১৩) ১ পদশনিঃ ১০১৮৫৫৩২ (২৪) ৪ পদরাহুঃ ১১১৫৫৩২৬ (২৬) ৪ পদকেতুঃ ৫১৫৫৩২৬ (১৩) ২ পদ শনি বক্রি।লগ্নঃসিংহ রাশি সকাল ০৬ঃ ১৬ঃ৪১ পর্যন্ত। কন্যা রাশি সকাল ০৮ঃ২৬ঃ৫৪ পর্যন্ত। তুলা রাশি সকাল ১০ঃ৪১ঃ০৪ পর্যন্ত। বৃশ্চিক রাশি সকাল ১২ঃ৫৬ঃ৪৮ পর্যন্ত। ধনু রাশি দুপুর ০৩ঃ০২ঃ০৬ পর্যন্ত। মকর রাশি বিকাল ০৪ঃ৪৮ঃ৫৯ পর্যন্ত। কুম্ভ রাশি বিকাল ০৬ঃ২২ঃ২৪ পর্যন্ত। মীন রাশি বিকাল ০৭ঃ৫৩ঃ২৬ পর্যন্ত। মেষ রাশি রাত্র ০৯ঃ৩৪ঃ০১ পর্যন্ত। বৃষ রাশি রাত্র ১১ঃ৩২ঃ২৪ পর্যন্ত। মিথুন রাশি শেষ রাত্রি ০১ঃ৪৫ঃ৪৩ পর্যন্ত। কর্কট রাশি শেষ রাত্রি ০৪ঃ০১ঃ২৬ পর্যন্ত।

আবহাওয়া

একনাগাড়ে বৃষ্টির সৌজন্যে দক্ষিণবঙ্গে বৃষ্টির ঘাটতি কমেছে অনেকটাই। তাপমাত্রাও মোটামুটি স্বস্তিদায়ক। দক্ষিণবঙ্গে আপাতত এই বৃষ্টিপাত চলবে, কোথাও কোথাও হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনাও রয়েছে। সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৫ডিগ্রি সেলসিয়াস। সর্বনিম্ন ২৬.৩ডিগ্রি সেলসিয়াস। আপেক্ষিক আর্দ্রতা ৮৮ শতকরা এবং ৫৫ শতকরা। জোয়ার-সকাল ৭ টা ৫৬ মিনিট এবং রাত ৯টা ২৫ মিনিট। ভাটা-বেলা ২টা ৫০ মিনিট এবং রাত ২ টা ২০ মিনিট। সূর্যঃউদয় ৫টা ১১ মিনিট এবং অস্ত যাবে ৬টা ১৩মিনিট

রাশিফল

মেষ রাশিঃবিলম্বে কার্যসিদ্ধি ও দুশ্চিন্তা মুক্তি। কর্মজীবনে উন্নতি।
বৃষ রাশিঃবহু শ্রমযোগে কর্মে সাফল্য হবে। হিতাকাঙ্খীর সহায়তায় অভাবনীয় সাধু ব্যক্তির অপ্রত্যাশিত সঙ্গলাভ হতে পারে আজকে।
মিথুন রাশিঃকাল্পনিক ভয় পরিত্যাগ করুন। বহুদিনের প্রত্যাশাপুরণের সম্ভাবনা হতে পারে আজকের দিনে
কর্কট রাশিঃসন্তানের মৌলিক চিন্তা ও অধ্যক্ষ গবেষণায় কৃতিত্ব। মামলায় জয় লাভের সম্ভাবনা আছে
সিংহ রাশিঃকোনও কাজে অভাবনীয় সাফল্য হতে পারে। ভাবাবেগের বশে কাজ করে অনুতপ্ত হতে পারে। বিবাহের যোগ হবে।
কন্যা রাশিঃআইনঘটিত গোল যোগের মীমাংসা। প্রতিবেশীর মনোভাব ও পারিপার্শ্বিকতা বুঝে কাজ করুন। বক্রপথে অর্থাগম হবে
তুলা রাশিঃমামলায় অযথা জড়িয়ে পড়তে পারেন। প্রজ্ঞাবান আনুকূল্যে লাভ। দীর্ঘমেয়াদী পরিকল্পনার বাস্তবায়ন আশাপ্রদ হতে পারে আজ
বৃশ্চিক রাশিঃসন্তানের সাফল্যে আনন্দিত হবে। সংসারে শান্তি হবে
ধনু রাশিঃঅর্থ বিনিয়োগে ব্যবসায়িক সাফল্য হতে পারে। আর্থিক ব্যয়।
মকর রাশিঃ দুর্দিনে আর্থিক উন্নতি হবে না। শারীরিক অপেক্ষাকৃত শুভপ্রদ। অতিরিক্ত উচ্চশা বর্জন।
কুম্ভ রাশিঃ ভ্রাতা ভগিনীর সহিত মতানৈক্যের অবসান। অর্থ ব্যয়।
মীন রাশিঃভাগ্য বাধা কাটিয়ে অবশেষে কর্মোন্নতির ইঙ্গিত। জ্ঞাতিবর্গের প্ররোচনায় অশান্তি।

মেট্রোয় গত ১৩ বছরে এক দিনে যাত্রীদের রেকর্ড উপার্জন

দুরন্ত বার্তা, কলকাতা, ০৩ সেপ্টেম্বর ঃ মেট্রো রেল বেশি আয় করেছে। ০২.০৯.২৪ তারিখে যাত্রীদের ফেরি করা থেকে ১.৩৩ কোটি টাকা, যা ১৩ বছরের মধ্যে যাত্রীদের সর্বোচ্চ আয়। যাত্রী ভাড়া থেকে এক দিনে কলকাতা মেট্রোর ইতিহাসে এটি দ্বিতীয় সর্বোচ্চ আয়। সেদিন মোট ৭.৫ লক্ষ যাত্রী ব্লু লাইন, গ্রীন লাইন-১, গ্রীন লাইন-২, পার্পল লাইন এবং অরেঞ্জ লাইনে ভ্রমণ করেছিলেন। ০২.০৯.২৪ তারিখে ৬.৩ লক্ষেরও বেশি যাত্রী ব্লু লাইনে ভ্রমণ করেছিলেন। গ্রীন লাইন-১ এ প্রায় ৫৬,০০০ যাত্রী যাতায়াত করেছেন। গতকাল গ্রিন লাইন-১-এ প্রায় ৫১ লক্ষ ৫০ হাজার যাত্রী বহন করা হয়েছে।এইরকম চিত্তাকর্ষক পরিসংখ্যান আবারও প্রমাণ করেছে যে কলকাতা মেট্রো কলকাতা এবং পার্শ্ববর্তী জেলাগুলির বাসিন্দাদের মধ্যে আরও জনপ্রিয়তা অর্জন করছে। আরও বেশি সংখ্যক যাত্রীরা এখন মেট্রোতে ভ্রমণ করতে পছন্দ করেন কারণ এটি তাদের জন্য আরামদায়ক, সস্তা, দ্রুত এবং ঝামেলামুক্ত যাত্রা প্রদান করে। আগামী দিনে মেট্রো যাত্রী সংখ্যা আরও বাড়বে বলে আশা করা হচ্ছে।উল্লেখ্য যে ০১.০৮.২০১১ তারিখে কলকাতা মেট্রো সর্বোচ্চ বেশি আয় করেছে। যাত্রী ভাড়া থেকে ১.৪৭ কোটি টাকা। যাত্রী ভাড়া থেকে কলকাতা মেট্রোর এটাই এখন পর্যন্ত সর্বোচ্চ আয়। এদিন মেট্রো রেলওয়ে নতুন এএফসি সিস্টেমে নতুন স্মার্ট কার্ড চালু করেছে। ফলস্বরূপ, বিপুল সংখ্যক যাত্রী সেদিন স্মার্ট কার্ড কিনেছিলেন যার ফলে যাত্রী ভাড়া থেকে আয় বেড়েছে। পি. উদয় কুমার রেড্ডি, মহাব্যবস্থাপক, মেট্রো রেলওয়ে কলকাতা এবং পার্শ্ববর্তী জেলাগুলির জনগণকে কলকাতা মেট্রোকে পরিবহনের সবচেয়ে নির্ভরযোগ্য মাধ্যম হিসাবে তাদের আস্থা দেখানোর জন্য ধন্যবাদ জানিয়েছেন।

বিদ্যালয় শিক্ষা দপ্তরের তরফে জেলা বিদ্যালয় পরিদর্শককে চিঠি

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ সেপ্টেম্বর ঃ রাজ্য সরকার আগামী বৃহস্পতিবার শিক্ষক দিবসের প্রস্তুতির অনুষ্ঠান বাতিল করায় তরুনের স্বপ্ন প্রকল্পে ছাত্র ছাত্রীদের ট্যাব কেনার জন্য ওইদিন যে টাকা দেওয়ার কথা ছিল শিক্ষা দপ্তর আপাতত সেই কর্মসূচি স্থগিত রেখেছে। বিদ্যালয় শিক্ষা দপ্তরের তরফে বিভিন্ন জেলা বিদ্যালয় পরিদর্শককে চিঠি দিয়ে সেই কথা জানিয়ে দেওয়া হয়েছে বলে দপ্তর সূত্রে জানা গিয়েছে। উল্লেখ্য এর আগে শিক্ষক দিবসের অনুষ্ঠান মঞ্চ থেকে একাদশ ও দ্বাদশ শ্রেণীতে পাঠরত রাজ্যের বারো লক্ষ ছাত্র ছাত্রীকে ট্যাব কেনার জন্য এককালীন ১০ হাজার টাকা করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।

হাওড়ার শালিমার থেকে নিউটাউন নতুন বাস পরিষেবা

দুরন্ত বার্তা, হাওড়া, ৩ সেপ্টেম্বর ঃ হাওড়ার শালিমার থেকে নিউটাউন পর্যন্ত নতুন বাস পরিষেবা শুরু হলো। জানা গেছে, ভোর ৬টা থেকে রাত ৮টা পর্যন্ত প্রতিদিন এই রুটে বাস চলবে। আপাতত রোজ ১০টি বাস চলাচল করবে বলে জানা গেছে। যাত্রী সংখ্যা বাড়লে আরও অতিরিক্ত বাস দেওয়া হবে। শালিমার স্টেশন থেকে ছেড়ে শিবপুর মন্দিরতলা, রবীন্দ্রসদন, এক্সাইড, ধর্মতলা, মৌলালি, শিয়ালদহ, বেলেঘাটা, চিংড়িঘাটা, সেক্টর ফাইভ, কলেজ মোড় হয়ে নিউটাউন ও হাতিশালা পর্যন্ত যাবে বাসটি। শালিমার থেকে নিউটাউন পর্যন্ত ৩৮ টাকা ভাড়া ধার্য করা হয়েছে। মূলত হাওড়ার শালিমার থেকে চেন্নাই সহ দক্ষিণ ভারতের একাধিক জায়গায় ট্রেন ছাড়ে। এতদিন শালিমার স্টেশনে যাতায়াত করতে খুবই সমস্যায় পড়তে হত যাত্রীদের। এই বাস চালু হওয়ায় এখন থেকে সরাসরি যাত্রীরা স্টেশনে পৌঁছে যেতে পারবেন।

পিলখানায় দুর্ঘটনায় বাইক আরোহী যুবকের মৃত্যু

৩ সেপ্টেম্বর ঃ সোমবার ভোররাতে হাওড়ার গোলাবাড়ি থানা এলাকায় গাড়ির ধাক্কায় বাইক আরোহী এক যুবকের মৃত্যুর ঘটনা ঘটেছে। ঘটনাটি ঘটে পিলখানা মোড়ে। পুলিশ জানিয়েছে, ঘটনাস্থলেই ওই যুবক মারা যান। তাঁর বাড়ি মালিপাঁচঘড়া থানা এলাকায়। মৃত যুবকের নাম রাহুল পাসোয়ান (১৮)। কিভাবে দুর্ঘটনা ঘটলো তা পুলিশ তদন্ত করে দেখছে। মৃতদেহটি ময়নাতদন্তে পাঠানো হয়েছে।

নিউটাউন শ্যুটআউটের মাস্টারমাইন্ড বাকিবুল্লা গ্রেফতার

নিউটাউন, ৩ সেপ্টেম্বর ঃ নিউটাউনের শ্যুটআউটের ঘটনায় মূল পরিকল্পনাকারী হিসেবে অভিযুক্ত বাকিবুল্লাকে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, ধৃত রফিক ইসলামকে জিজ্ঞাসাবাদ করার পর বাকিবুল্লার নাম উঠে আসে। গতকাল ইকোপার্ক থানার পুলিশ সরবেড়িয়া এলাকায় অভিযান চালিয়ে বাকিবুল্লাকে গ্রেফতার করে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে পুলিশ জানতে পারে, নিউটাউন শ্যুটআউটের জন্য বাকিবুল্লাই সুপারি নিয়েছিল। খুনের আগে সে নিউটাউনের ঘটনাস্থলে রেইকি করে এবং সিসিটিভি ক্যামেরাগুলির অবস্থান নির্ধারণ করে। শুটিংয়ের পর পালানোর পথও সে ঠিক করে। এরপর, দুই শ্যুটারকে ব্যবহার করে ব্যবসায়ী নাসিরউদ্দিনকে হত্যা করা হয়।

ডা. সন্দীপ ঘোষের গ্রেফতার নির্যাতিতার পরিবারের নৈতিক জয়

মালদা, ৩ সেপ্টেম্বর ঃ আরজি কর কান্ডে সিবিআইয়ের হাতে ডা. সন্দীপ ঘোষের গ্রেফতারের পর, নির্যাতিতার কাকিমা এই ঘটনাকে তাদের পরিবারের এবং আন্দোলনরত ছাত্র-চিকিৎসকদের নৈতিক জয় হিসেবে উল্লেখ করেছেন। তিনি বলেন, ২৫ দিন ধরে যে ছাত্ররা বা ডাক্তাররা আন্দোলন করছে, এটা তাদের নৈতিক জয়, সাথে আমাদের পরিবারেরও। আমাদের মনে হচ্ছে যে বিচার ঠিক পথে এগোচ্ছে এবং আমরা সুবিচার পাব। তিনি আরও বলেন, আমাদের মেয়ে দুর্নীতির শিকার হয়েছে, সেক্ষেত্রে ডা. সন্দীপ ঘোষের গ্রেফতার আমাদের জন্য কিছুটা স্বস্তির। তবে এখনও পর্যন্ত নির্যাতিতার আত্মা শান্তি পায়নি বলেও উল্লেখ করেন তিনি। নির্যাতিতার কাকিমা জানান, যেদিন এই অপরাধের সাথে যুক্ত প্রত্যেকটি মানুষ ফাঁসিকাঠে ঝুলবে, সেদিন আমরা বলতে পারব যে আমাদের মেয়ে শান্তি পেয়েছে এবং আমরাও পরিবারের তরফ থেকে শান্তি পেয়েছি। এই ঘটনার পরিপ্রেক্ষিতে আন্দোলনরত ছাত্র-চিকিৎসকদের মধ্যে একটি নতুন আশার সঞ্চার হয়েছে এবং তারা এখন বিচার প্রক্রিয়ার দ্রুততার অপেক্ষায় রয়েছেন।

এবারে ভাঙড়ে তৈরি হচ্ছে প্ল্যাসটিক ম্যানেজমেন্ট ইউনিট

উজ্জল বন্দ্যোপাধ্যায়,জয়নগর, ৩ সেপ্টেম্বর ঃ এবারে ভাঙড়ে তৈরি হচ্ছে প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট ইউনিট। প্লাস্টিকের যথেচ্ছ ব্যবহার নিয়ে বার বার সাবধান করছেন পরিবেশবিদরা।আর দূষণমুক্ত পরিবেশ গড়ে তুলতে প্লাস্টিকের যথেচ্ছ ব্যবহার বন্ধ করা জরুরি বলে উঠে এসেছে বিভিন্ন গবেষণায়।প্লাস্টিকের ব্যবহার বন্ধ করতে অতীতে বহু বার প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন দোকান, বাজারে অভিযান চালানো হয়েছিল। তারপরেও প্লাস্টিকের ব্যবহার বন্ধ করা যায়নি।পরিবেশবিদদের মতে, প্লাস্টিকের থলির ব্যবহারের গড় সময় ২৫--৩০ মিনিট। অথচ, সেই প্লাস্টিকের থলি নষ্ট হতে সময়লাগে প্রায় ২০০ ৩০০ বছর। পরিবেশ বান্ধব সমাজ গড়তে এ বার তাই ভাঙড়ে তৈরি হচ্ছে প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট ইউনিট। ভাঙড় ১ ও ২ এবং ক্যানিং ২ নং ব্লক মিলিয়ে এ বার ভাঙড় ১ ব্লকের চন্দনেশ্বর ২ নং পঞ্চায়েতের মহেশপুকুর এলাকায় তৈরি করা হচ্ছে এই প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট ইউনিট। ওই তিনটি ব্লকের ২৮টি গ্রাম পঞ্চায়েত এলাকার ফেলে দেওয়া প্লাস্টিক বর্জ্য সংগ্রহ করে তা পুনঃব্যবহারের ব্যবস্থা করা হবে। এ জন্য কেন্দ্রীয় সরকারের স্বচ্ছ ভারত মিশন (গ্রামীণ) ও পঞ্চদশ অর্থ কমিশনের আর্থিক সহযোগিতায় প্রায় ১২ লক্ষ টাকা ব্যয়ে ওই প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট ইউনিটের বিল্ডিং তৈরি করা হয়েছে। প্লাস্টিক পুনর্ব্যবহারের জন্য তিনটি মেশিন কিনতে প্রায় ১৬ লক্ষ টাকা খরচ করা হয়েছে। এ বিষয়ে ভাঙড় ১ বিডিও প্রিয়াঙ্কা বালা বলেন, ' কাজ প্রায় শেষ পর্যায়ে। সব কিছু ঠিকঠাক থাকলে খুব তাড়াতাড়ি ওই প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট চালু করা হবে।' উল্লেখ্য,এক বার ব্যবহৃত প্লাস্টিকের পুনর্ব্যবহারের জন্য গাইডলাইন তৈরি করেছে কেন্দ্রীয় সরকার। ইতিমধ্যে পঞ্চায়েতে ব্যাটারি চালিত বর্জ্য ব্যবস্থাপনার গাড়িও এসেছে। ওই গাড়িগুলির মাধ্যমে পঞ্চায়েত এলাকার প্রতিটি বাড়ি থেকে বর্জ্য সংগ্রহ করে তা কঠিন বর্জ্য নিষ্কাশন ব্যবস্থাপনা কেন্দ্রে নিয়ে যাওয়ার কথা। সেখানে বর্জ্য প্লাস্টিক আলাদা করা হবে। তারপরে সেই সমস্ত ব্যবহৃত প্লাস্টিক নিয়ে যাওয়া হবে প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট ইউনিটে।এই কাজ করার জন্য বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের কাজেলাগানো হচ্ছে। ব্লক প্রশাসন সূত্রে জানা যায়, ওই সমস্ত প্লাস্টিক মেশিনের সাহায্যে ব্যবহার যোগ্য করেজ্যুতো, ফুলদানি, বালতি, মগ সহ নানা সামগ্রী তৈরি করা হবে। সেগুলিকে বিক্রি করা হবে। পিচের সঙ্গে মিশিয়ে রাস্তার কাজেও ব্যবহার করা হতে পারে। ভাঙড় ১ নং পঞ্চায়েত সমিতির সভাপতি ঝর্না মণ্ডল এ বিষয়ে মঙ্গলবার বলেন, ' কাজে লাগিয়ে আমরা পরিবেশ বান্ধব ভাঙড় গড়ে তোলার লক্ষ্যে এগিয়ে চলেছি।এখন এই কাজ প্রায় শেষের পথে।

বন্ধ চুঁচুড়া থেকে তারকেশ্বর যাওয়ার সমস্ত বাস ট্রেকার

বনস্পতি দে, চুঁচুড়া, ৩ সেপ্টেম্বর ঃ চুঁচুড়া বাস ডিপোতে দাঁড়িয়ে রয়েছে বাস চুঁচুড়া বাস ডিপোতে দাঁড়িয়ে রয়েছে বাস । মঙ্গলবার সকাল থেকেই বন্ধ চুঁচুড়া থেকে তারকেশ্বর যাওয়ার সমস্ত বাস ট্রেকার। গাড়ির চাকা না গড়ানোর কারণে সমস্যায় পড়েছেন নিত্য যাত্রীরা। সপ্তাহের প্রথম কাজের দিনেই বাস ও ট্রেকারের অচল অবস্থা হওয়ার কারণ বলছেন শাসক দলের ব্যবহার। পার্টির কাজের জন্য বাস নেওয়া হলেও বাস মালিকরা সঠিক মূল্য পাচ্ছেন না বরং টাকা চাইলে মিলেছে খারাপ ব্যবহার। তাই প্রতিবাদ জানাতে মঙ্গলবার সকাল থেকে বাস ও ট্রেকার বন্ধ রেখেছে মালিক সংগঠন। চুঁচুড়া থেকে ১৭ নম্বর ও ২৩ নম্বর রুটে বাস চলে তারকেশ্বর পর্যন্ত। ১৭ নম্বর বাস চুঁচুড়া স্টেশন আলিনগর মহেশ্বরপুর ধনিয়াখালি হয়ে তারকেশ্বরে যায়। ২৩ নম্বর বাস চুঁচুড়া থেকে খাগা মহানাদ গুরাপ দশঘড়া হয়ে তারকেশ্বরে যায়। তৃনমূল বাস ইউনিয়ন আইএনটিটিইউসির সদস্য পরিবহন কর্মীরা। তাদের অভিযোগ গত ৩১ অগাস্ট তারকেশ্বর ব্লকে তৃনমূলের বিক্ষোভ কর্মসূচি ছিল। সেখানে কয়েকটি বাস দিতে বলে

তৃনমূল নেতৃত্ব। ১৩০০ টাকা করে ভাড়া দেবে বলে। বাস ইউনিয়নের দাবি ১৩০০ টাকায় বাস ভাড়া দেওয়া যাবে না বলে জানানো হয়। ওই টাকায় দিলে তাদের পকেট থেকে টাকা দিয়ে তেল ভরতে হবে। তার উপর কর্মীদের টাকা রয়েছে। বাস না দিলে বন্ধ রাখতে বলা হয়। সেই মত সোমবার বাস বন্ধ রাখেন মালিকরা । বাস মালিকদের অভিযোগ, এই ঘটনায় ক্ষিপ্ত হয়ে ওঠেন তারকেশ্বরের বিধায়ক রামেন্দু সিংহ রায়। অকথ্য ভাষায় আক্রমন করেন বাস ইউনিয়নের সদস্যদের। এর পরই তারকেশ্বর স্ট্যান্ডে বাস ঢুকতে বাধা দেওয়া হয়। সোমবার ১৭ ও ২৩ নম্বর রুটের কোনো বাস ঢুকতে দেওয়া হয়নি তারকেশ্বর স্ট্যান্ডে। রাস্তা থেকে বাস তাড়ি উঠানো নামানো করলেও তাড়িয়ে দেওয়া হয়। বাস কর্মীদের হুমকি দেওয়া হয়। বাধ্য হয় হুগলি আরটিও র কাছে অভিযোগ জানায় ইউনিয়নের প্রতিনিধিরা।তারা নিরাপত্তার অভাবে বাস বন্ধ করে দেন। অন্যদিকে মঙ্গলবার সকালে তারকেশ্বর বাস চলাচল বন্ধ করে ধনেখালির চৌতারা-গোপিনগর এলাকায় বিক্ষোভ দেখালস্থানীয় বাসিন্দারা। তাদের দাবি, গত ২৩ মার্চ ১৭২৩ নম্বর রোডের বাসের চাকায় পৃষ্ট হয়ে মৃত্যু হয় স্থানীয় বাসিন্দা অমর নাথ বিশ্বাস ও তাঁর ছেলে পল্লব বিশ্বাস। বিমার টাকার আইনি প্রক্রিয়া হলেও চুড়ান্ত চিকিৎসা আনুষাঙ্গিক খরচের আশ্বাস দিলেও পরবর্তীকালে বাস ইউনিয়ন কর্তৃপক্ষ এই পরিবারকে একটি টাকাও দেয়নি। দীর্ঘদিন পেরিয়ে গেলে ক্ষতিপূরণ না পেয়ে স্থানীয় বাসিন্দারা সোমবার দুপুরে ১৭২৩ নম্বর বাস গোপিনগরে বন্ধ করে দেয়।

রেললাইনে উদ্ধার প্রেমিক-প্রেমিকার মৃতদেহ

গোয়ালপাড়া, ৩ সেপ্টেম্বর ঃ ভোররাতে বাড়ি থেকে পালিয়েছিল প্রেমিক-প্রেমিকা। পরবর্তীতে গোয়ালপাড়া জেলার অন্তর্গাত বড়মাকড়ি এলাকায় যোগীঘোপা-কামাখ্যা রেললাইনে উদ্ধার হয়েছে তাদের ছিন্নভিন্ন মৃতদেহ। নিহত যুবককে বঙাইগাঁও জেলার অন্তর্গত যোগীঘোপার বাসিন্দা নাজিবুল হক এবং যুবতীকে গোয়ালপাড়া শহরের কলিতাপাড়া আউলিয়া মাজার লাগোয়ার বাসিন্দা শামিনা খাতুন (নাম পরিবর্তিত) বলে শনাক্ত করা হয়েছে। প্রেমঘটিত কারণে তারা চলন্ত ট্রেনের সামনে ঝাঁপিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছে বলে সন্দেহ করা হচ্ছে। জানা গেছে, আজ মঙ্গলবার ভোররাত প্রায় ৩,০০টা নাগাদ।

দক্ষিণ পূর্ব রেলওয়ে

সংশোধনী-১

ডেপু.চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার (প্রোজেক্ট), ১১, কনভেন্ট লেন, বেলিয়াঘাটা, কলকাতা - ৭০০০১৫ দ্বারা পূর্বে প্রকাশিত "দক্ষিণ পূর্ব রেলওয়ের খড়গপুর ডিভিশনের হাওড়া-খড়গপুর শাখায় ২x২৫ কেভি সিস্টেমে ১৩২ কেভি ট্র্যাকশন সাবস্টেশন, সেকশনিং পোস্ট (এসপি-গুলি) এবং সাব সেকশনিং পোস্ট (এসএসপি-গুলি) নকশা, সরবরাহ, সংস্থাপন, পরীক্ষা ও চালুকরণ" কাজের জন্য **ই-টেন্ডার নোটিশ নং এসইআর-পিএসআই-এইচডব্লুএইচ- কেজিপি-২x২৫কেভি**-এর সংশোধনী নং-১ নিচে দেওয়া হলঃ **ড্রাফ্ট সিএ-তে প্রয়োজন অনুযায়ী পরিবর্তনঃ (১) আর্টিকেল ১০-এর প্যারা ১০.৩.১**-বিদ্যমান এন্ট্রির পরিবর্তে **"নির্ধারিত তারিখ থেকে ৭২০ (সাতশত কুড়ি)তম দিনে নির্ধারিত সমাপ্তির তারিখ ('নির্ধারিত সমাপ্তির তারিখ')** পড়তে হবে। **(২) এসসিএইচ-১-এর প্যারা** ৫.১-বিদ্যমান এন্ট্রির পরিবর্তে **"নির্ধারিত সমাপ্তির তারিখটি নির্ধারিত তারিখ থেকে ৭২০ (সাতশত কুড়ি)তম দিনে** পড়তে হবে।" টেন্ডারের অন্যান্য নিয়ম ও শর্তাদি অপরিবর্তিত থাকবে। **সংশোধনী-০১** সহ ই-টেন্ডারের বিশদ **www.ireps.gov.in**-তে পাওয়া যাচ্ছে। **(PR-557/C)**

পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার নং ঃ ১৭৫_২০২৪-২৫, তারিখ ০৩.০৯.২০২৪। ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া, ডিআরএম বিল্ডিং, রেলওয়ে স্টেশনের নিকটে, হাওড়া-৭১১১০১ কর্তৃক সমতুল কাজে অভিজ্ঞ এবং প্রয়োজনীয় আর্থিক সঙ্গতিপন্ন টেন্ডারদাতাগণ যাঁরা সেচ/সিপিডব্লুডি/এসইবি/এমইএস অথবা কোনো রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রে নথিভুক্ত রয়েছেন তাঁদের নিকট থেকে অনলাইনে নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে **সিনি. ডিইএন/৩/হাওড়া**-র অধীনে। **কাজের বিবরণ ঃ** হাওড়া ডিভিসনের সাহেবগঞ্জ শাখায় পাকুড়-তিলভিটা-র মধ্যবর্তী ব্রিজ নং. ২৩৬ ডাউন -এর এবং গুমানি-বারহারওয়া-র মধ্যবর্তী ব্রিজ নং. ২৬৪ ডাউন-এর বিজিএমএল গার্ডার-এর প্রতিস্থাপন। **আনুমানিক মূল্য ঃ** ৪,৬৯,৭২,৯৪৫.৮৬ টাকা। **বায়না অর্থ ঃ** ৩,৮৪,৯০০.০০ টাকা। **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** স্বীকৃতিপত্র পাওয়ার তারিখ থেকে ১২ (বারো) মাস। টেন্ডার আহ্বায়ক বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখটিতে যদি কোনো কারণে ছুটি/বন্ধ/ধর্মঘট ঘোষিত হয়, তাহলেও অনলাইনে টেন্ডার বন্ধের তারিখটির কোনো পরিবর্তন হবে না, কারণ আইআরইপিএস ওয়েবসাইটের প্রায়োগিক পদ্ধতি টেন্ডার বন্ধের তারিখ ও সময়ের পরে কোনো প্রস্তাব দাখিলের অনুমোদন দেবে না। যদিও, অনলাইনে টেন্ডার খোলার কাজটি পরবর্তী কাজের দিনে করা হবে। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ ২৩.০৯.২০২৪ দুপুর ২ টো। www.ireps. gov.in** ওয়েবসাইটে বিশদ টেন্ডার পাওয়া যাবে। টেন্ডারদাতাগণকে উপরোক্ত ওয়েবসাইটে অনলাইনে তাঁদের প্রস্তাব দাখিল করতে অনুরোধ করা হচ্ছে। **ইএমডি এবং টিডিসি অর্থ প্রদান** - ই-টেন্ডারিং-এর পরিপ্রেক্ষিতে প্রদেয় বায়না অর্থ (ইএমডি) এবং টেন্ডার নথির মূল্য কেবলমাত্র নেট ব্যাঙ্কিং অথবা পেমেন্ট গেটওয়ে পদ্ধতিতে গ্রহণ করা হবে। **দ্রষ্টব্যঃ** আইআরইপিএস (ই-টেন্ডার পোর্টাল)-এ আহ্বান করা টেন্ডারের জন্য ইএমডি হিসেবে ফিক্সড্ ডিপোজিট রিসিপ্ট (এফডিআর) গ্রাহ্য হবে না। হাতে হাতে দাখিল করা প্রস্তাব গৃহীত হবে না।

HWH-262/2024-25

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway
@easternrailwayheadquarter

মহিলাদের স্বনির্ভর করার লক্ষে বিশেষ প্রশিক্ষন শিবির পাথরপ্রতিমায়

৩ সেপ্টেম্বর ঃ গ্রাম বাংলার মহিলাদের স্বনির্ভর করতে বিশেষ প্রশিক্ষণ শিবির পাথরপ্রতিমায়।দক্ষিণ ২৪ পরগনা জেলার পাথরপ্রতিমা ব্লকের দূর্বাচটি পঞ্চায়েতের প্রধান মানস কুমার শাসমলের ব্যবস্থাপনায. নরে ঃদ্রপুর রামকৃষ্ণ মিশন লোক শিক্ষা পরিষদের গ্রীন কলেজ বিভাগের পরিচালনায ক্ষ এর আর্থিক সহযোগিতায. ১২০০ জন কে প্রশিক্ষণ দেওযার কাজ শুরু হলো। সু ঃদরবন এলাকার দারিদ্র্য সীমার নিচে থাকা মানুষদেরকে বেশি প্রাধান্য দেওযা. হয়েছে।এই শিবিরের মাধ্যমে সু ঃদরবন এলাকার যুবক-যুবতীরা স্বনির্ভর হতে পারবে।২০ জনের একটি করে ব্যাচ তৈরি করে ট্রেনিং দেওযা. হচ্ছে।এই শিবিরের মধ্যে দিয়ে যে যে ট্রেনিং গুলি দেওয়া হচ্ছে তা হল-ছাগল, ভেড়া পালন, হাঁস ও মুরগি পালন, পুকুরে মিশ্র চাষ, মাছের খাবার তৈরি, জৈব পদ্ধতিতে সবজি চাষ ,সবজির বীজ উপাদন। পাথরপ্রতিমা ব্লকের দূর্বাচটি গ্রাম পঞ্চাযেতের প্রশিক্ষণ হলে এই প্রশিক্ষণ শুরু হয়েছে মঙ্গলবার থেকে।এই প্রশিক্ষণে কারিগরি দক্ষতা ছাড়াও বাজারজাত করার বিষযে. শেখানো হবে।এই প্রশিক্ষণ চলাকালীন বই ,খাতা,পেন,পেন্সিল ও স্কেল দেওযা. হচ্ছে। দুপুরে আহারের ব্যবস্থা আছে এবং প্রশিক্ষনার্থীদের শংসাপত্র দেওযা. হবে।এছাড়া ও এখানে ইলেকট্রিশিযান, ইলেকট্রনিক্স,মটর মেকানিক, কৃষি যন্ত্রপাতি , টোটো মেরামত, সহাযক (সার বীজ ও কৃষি সংক্রান্ত পরামর্শ) প্রাণী স্বাস্থ্য সহাযক ,বিজ্ঞান সম্মত কাঁকড়া চাষ এই প্রশিক্ষণ গুলি ও দেওযা. হবে। রামকৃষ্ণ মিশনের মূল লক্ষ্য হলো প্রত্যেকটি শিক্ষার্থীদের ছোট ব্যবসাযী. করে তোলা ও স্বনির্ভর করা।

অভিনেত্রী তথা তৃণমূল বিধায়ক লাভলী মৈত্রের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের সিপিআইএম নেতার

৩ সেপ্টেম্বর ঃ অভিনেত্রী তথা তৃনমূল কংগ্রেসের বিধায়কের বিরুদ্ধে সোনারপুর থানায় অভিযোগ দায়ের করলেন সিপিআইএম নেতা সায়ন বন্দ্যোপাধ্যায়।আর জি কর কাণ্ডের সুবিচারের দাবিতে অবস্থান বিক্ষোভের মঞ্চ থেকে ' হুমকি শোনা গিয়েছিল ' খ্যাত অভিনেত্রী তথা তৃণমূল বিধায়ক লাভলি মৈত্রর গলায়। সিপি আইএম নেতা সায়ন বন্দ্যোপাধ্যায়, সুজন চক্রবর্তী দের নাম উল্লেখ করে তিনি বলে ছিলেন, এবার বদলা হবে। সেই হুমকির জেরে এবার সোনারপুর দক্ষিণের তৃণমূল বিধায়ক কে আইনি জটে পড়তে হল। লাভলি মৈত্রের বিরুদ্ধে মঙ্গলবার সকালে সোনারপুর থানায় অভিযোগ দায়ের করলেন স্থানীয় সিপিএম নেতা সায়ন বন্দ্যোপাধ্যায়। ভরা সভায় তাঁর নাম তুলে হুমকির অভিযোগের ভিত্তিতে থানায় অভিযোগ দায়ের করেন তিনি বলে সায়ন জানালেন।রবিবার সোনারপুর মোড়ে আর জি কর ইস্যুতে অবস্থান বিক্ষোভ চলছিল তৃণমূলের। সেখানে বক্তব্য রাখতে গিয়ে তৃনমূল বিধায়ক লাভলী মৈত্র বলেন, সিপিএম নেতারা যেমন সুজনদা, সায়ন ঘুরে বেড়াচ্ছেন কীভাবে? কারণ, বদলা হয়নি। বদল হয়েছিল। ২০১১ -এ আমরা বলেছিলাম, বদল চাই।আর এখন ২০২৪ সালে বলছি, বদলা চাই। মমতা বন্দ্যোপাধ্যায়ের দিকে কেউ আঙুল তুললে,সেই আঙুল কী ভাবে নামাতে হয়, আমরা জানি। তাঁর এই মন্তব্যকে ' বলে কার্যত উড়িয়ে দিয়েছিলেন বর্ষীয়ান সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী।তবে তরুণ নেতা সায়ন অবশ্য কড়া প্রতিক্রিয়া দিয়েই জানিয়েছিলেন, সবার মুখ বন্ধ করা একা বিধায়কের পক্ষে সম্ভব নয়।কিন্তু সায়ন শুধু পালটা প্রতিক্রিয়া দিয়েই থেমে থাকেননি। তিনি মঙ্গলবার সোনারপুর থানায় লাভলি মৈত্রর বিরুদ্ধে অভিযোগ জানিয়েছেন।যদিও এ বিষয়ে সোনারপুর দক্ষিণের তারকা বিধায়কের কোন ও প্রতিক্রিয়া মেলেনি। সূত্রের খবর, লাভলিকে এ ধরনের বিতর্কিত মন্তব্য থেকে বিরত থাকতে সতর্ক করেছে তৃণমূল শীর্ষ নেতৃত্ব।এর আগে অভিনেতা তথা তৃনমূল বিধায়ক কাঞ্চন মল্লিক অভিনেতা, সরকারি কর্মচারী,চিকিৎসকদের নিয়ে বাজে মন্তব্য করে পরে দলেরচাপে অন্যায় স্বীকার করতে বাধ্য হয়।

লেকটাউন সুইমিং পুলে এবারে সাঁতারে রেকর্ড করলেন ১৯ বছরের সৌগত দাস

লেকটাউন, ৩ সেপ্টেম্বর ঃ এবার সাঁতারে রেকর্ড করলেন সাঁতারু সৌগত দাস। কলকাতার লেকটাউন সুইমিং পুলে আয়োজিত রাজ্য স্তরের সাঁতার প্রতিযোগিতায় ৫৪.৫৩ সেকেন্ডে একশো মিটার ফ্রি স্টাইল ইভেন্ট শেষ করেন সৌগত। দক্ষিণ ২৪ পরগনা জেলা ক্রীড়া সংস্থার দাবি, এই ইভেন্টে রাজ্য স্তরে এটা নতুন রেকর্ড। রাজ্যের কোনও প্রতিযোগী এত কম সময়ে এর আগে একশো মিটার ফ্রি স্টাইল ইভেন্ট শেষ করতে পারেননি।বেঙ্গল অ্যামেচার সুইমিং অ্যাসোসিয়েশন আয়োজিত তিন দিনের এই প্রতিযোগিতা সম্প্রতি শেষ হয়।এই প্রতিযোগিতার উদ্বোধন করেছিলেন রাজ্যের দমকল মন্ত্রী সুজিত বসু। মোট এগারোটি জেলার প্রতিযোগীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিলেন। দক্ষিণ ২৪ পরগনা থেকে অংশ নিয়ে ছিলেন ৬ জন প্রতিযোগী।এর মধ্যে বছর ঊনিশের সৌগত একাই তিনটি সোনা ও দু'টি রুপোর পদক জিতেছেন। প্রতিযোগিতায় রাজ্যের মধ্যে একক চ্যাম্পিয়নও হয়েছেন তিনি।জয়নগর ২ নং ব্লকের ফুটিগোদা গ্রাম পঞ্চায়েতের নিমপীঠ তুলসীঘাটা গ্রামের নিম্নবিত্ত পরিবারের ছেলে সৌগত। বাবা অটো চালান। ছোটবেলায় নিমপীঠেরই একটি ক্লাবে সাঁতার প্রশিক্ষণ শুরু করেন তিনি। পরে কলকাতার সুভাষ সরোবরে প্রশিক্ষক বিশ্বজি দে চৌধুরীর অধীনে প্রশিক্ষণ নেন। কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্র সৌগত জানান, আগামীদিনে সাঁতার নিয়ে আরও এগোতে চান। তাঁর লক্ষ্য, জাতীয় ও আন্তর্জাতিক স্তরে সাফল্য। বাবা অরবিন্দ দাস বলেন, ছোট থেকেই সৌগতর সাঁতারে বিশেষ আগ্রহ ছিল। কখনওই ওকে অভাব বুঝতে দিইনি। চেষ্টা করেছি যতটা সম্ভব পাশে থাকতে। আজ পুরো পরিবার সহ গ্রামের সবাই খুব খুশি।দক্ষিণ ২৪ পরগনা জেলা সাঁতার দলের ম্যানেজার শ্রীমন্তকুমার ঘোষ বলেন, একশো মিটার ফ্রি স্টাইলে এর আগে রাজ্য স্তরে রেকর্ড সময় ছিল ৫৪.৭৮ মিনিট। সেই রেকর্ড ভেঙে নতুন রেকর্ড গড়লো।

পূর্ব রেলওয়ে

টেন্ডার নং ঃ এইচ-বিএমডব্লু-এইচইউ-১১-২৪, তারিখ ৩১.০৮.২০২৪। চিফ মেডিকেল সুপারিনটেন্ডেন্ট, পূর্ব রেলওয়ে, অর্থোপেডিক হসপিটাল, ৫, চার্চ রোড, হাওড়া রেলওয়ে স্টেশন, হাওড়া, পশ্চিমবঙ্গ-৭১১১০১ কর্তৃক টেন্ডার নং এইচ-বিএমডব্লু-এইচইউ-১১-২৪-এর পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত কাজের জন্য ওপেন ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। দরপ্রস্তাবদাতারা তাঁদের প্রকৃত/সংশোধিত দরপ্রস্তাব কেবলমাত্র বন্ধ হওয়ার তারিখ ও সময় পর্যন্ত দাখিল করতে পারবেন। এই টেন্ডারের প্রেক্ষিতে হাতেহাতে দরপ্রস্তাব দাখিল অনুমোদিত নয় এবং এরূপ হাতেহাতে দাখিল করা দরপ্রস্তাব গৃহীত হলেও গ্রাহ্য হবে না। **কাজের নাম ঃ** অর্থোপেডিক হসপিটাল, পূর্ব রেলওয়ে, হাওড়ার অধীনে ০৩ বছরের জন্য ১১টি হেল্থ ইউনিট অর্থাৎ ডিআরএম, এমএসডব্লু, টিকিয়াপাড়া, বামনগাছি, ব্যান্ডেল, ট্রাফিক হেল্থ ইউনিট/বর্ধমান, লোকো হেল্থ ইউনিট/বর্ধমান, কাটোয়া, রামপুরহাট, আজিমগঞ্জ এবং কামারকুণ্ডুর চিকিৎসাজাত-জৈব বর্জ্য সংগ্রহ, পরিবহন, ব্যবস্থা ও নিষ্পত্তির কাজ। **দরপ্রস্তাব প্রদানের পদ্ধতি ঃ** সিঙ্গল প্যাকেট। **বিজ্ঞপিত মূল্য ঃ** ২৪,০২,৪৫৩.২৮ টাকা। **টেন্ডার নথির মূল্য ঃ** ০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ৪৮,১০০.০০ টাকা। **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ৩৬ মাস। **প্রস্তাবের বৈধতা ঃ** ৯০ দিন। **টেন্ডার আপলোড করার তারিখ ও সময় ঃ** ৩১.০৮.২০২৪ তারিখ দুপুর ১২ টা ১৪ মিনিটে। **দরপ্রস্তাব প্রদান শুরুর তারিখ ঃ** ০৯.০৯.২০২৪। **বন্ধের তারিখ ও সময় ঃ** ২৩.০৯.২০২৪ তারিখ বিকেল ৩টে। বিশদ পাওয়া যাবে যে ওয়েবসাইটে ঃ **www.ireps.gov.in** MED-04/2024-25

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway
@easternrailwayheadquarter

এসকেপি সিকিউরিটিজ লিমিটেড

সিনঃ এল৭৪১৪০ডব্লুবি১৯৯০পিএলসি০৪৯০৩২

নিবন্ধিত অফিসঃ ১৭০২-১৭০৩, বায়োওয়ান্ডার, ৭৮৯ আনন্দপুর, কলকাতা-৭০০১০৭

ফোনঃ ৯১ ০৩৩ ৬৬৭৭ ৭০০০

ইমেইলঃ cs@skpsecurities.com ওয়েবসাইটঃwww.skpsecurities.com

পোস্টাল ব্যালট প্রেরণের বিজ্ঞপ্তি

সদস্যদের এতদ্বারা জানানো হচ্ছে যে কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ১০৮ এবং ১১০ এবং অন্যান্য সমস্ত প্রযোজ্য বিধান অনুসারে, কোম্পানি (ব্যবস্থাপনা ও প্রশাসন) বিধিমালা, ২০১৪ (যেকোনো সংবিধিবদ্ধ পরিবর্তন(গুলি) সহ বা পুনঃ-এর সাথে পড়ুন। আপাতত বলব এর আইন(গুলি) এবং শুধুমাত্র দূরবর্তী ইলেকট্রনিক ভোটিং এর মাধ্যমে পোস্টাল ব্যালট পরিচালনার জন্য কর্পোরেট বিষয়ক মন্ত্রনালয়ের দ্বারা নির্ধারিত নির্দেশিকা অনুসারে, ৮ এপ্রিল, ২০২০, ১৭ তারিখের সাধারণ সার্কুলার নং ১৪২০২০ দ্বারা ২০২০ তারিখ ১৩ এপ্রিল, ২০২০, ২০২০২০ তারিখে ৫ মে, ২০২০, ২২২০২০ তারিখে ১৫ জুন, ২০২০, ৩৩২০২০ তারিখে ২৮ সেপ্টেম্বর, ২০২০, ৩৯২০২০ তারিখে ৩১ ডিসেম্বর, ২১, ২০২০ তারিখ , ২০২১, ২০২০২১ তারিখ ৮ ডিসেম্বর, ২০২১, ৩২০২২ তারিখ ৫ মে, ২০২২, ১১২০২২ তারিখ ২৮ ডিসেম্বর, ২০২২ এবং ০৯২০২৩ তারিখ ২৫ সেপ্টেম্বর, ২০২৩, ভারত সরকারের কর্পোরেট মন্ত্রক, কর্পোরেট মন্ত্রক দ্বারা জারি করা (সম্মিলিত ভাবে এমসিএ সার্কুলার হিসাবে আখ্যায়িত), সেবি (লিস্টিং বাধ্যবাধকতা এবং প্রকাশের প্রয়োজনীয়তা) প্রবিধান, ২০১৫(সেবি লর্ড প্রবিধান) এর প্রবিধান ৪৪ এবং অন্যান্য প্রযোজ্য আইন ও প্রবিধান, যদি থাকে। এসকেপি সিকিউরিটিজ লিমিটেড (কোম্পানি) ০৩ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে, ইলেকট্রনিক মোডের মাধ্যমে শেয়ারহোল্ডারদের কাছে পোস্টাল ব্যালট নোটিশ পাঠানোর কাজ সম্পন্ন করেছে যাদের ইমেল ঠিকানা কোম্পানিরেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট বা ডিপোজিটরিতে নিবন্ধিত ছিল। পোস্টাল ব্যালট নোটিশে নির্ধারিত রেজোলিউশনে শেয়ারহোল্ডারদের সম্মতি চাওয়ার জন্য শুক্রবার, ৩০ আগস্ট, ২০২৪ তারিখে ডিপোজিটরি অংশগ্রহণকারীরা (কাট-অফ তারিখ)। এমসিএ সার্কুলারগুলির প্রয়োজনীয়তার সাথে সম্মতিতে, পোস্টাল ব্যালট ফর্মের সাথে পোস্টাল ব্যালট নোটিশের ফিজিক্যাল কপি এবং প্রি-পেইড ব্যবসার খাম পোস্টাল ব্যালটের জন্য শেয়ারহোল্ডারদের কাছে পাঠানো হবে না এবং সেই অনুযায়ী, শেয়ারহোল্ডারদের তাদের সম্মতি জানাতে হবে বা দূরবর্তী ই-ভোটিং পরিষেবার মাধ্যমে ভিন্নমত

ই-ভোটিং শুরুঃ বুধবার, সেপ্টেম্বর ০৪, ২০২৪ (৯,০০ এএম ১এসটি)

ই-ভোটিং এর সমাপ্তি ঃ বৃহস্পতিবার, অক্টোবর ০৩, ২০২৪ (৫,০০ পিএম ১এসটি)

উক্ত সময়ের মধ্যে সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল) দ্বারা সরবরাহ করা হয়েছে। তারপরে ভোট দেওয়ার জন্য সিডিএসএল দ্বারা ই-ভোটিং অক্ষম করা হবে এবং শেয়ারহোল্ডারদের উল্লিখিত তারিখ এবং সময়ের পরে ভোট দেওয়ার অনুমতি দেওয়া হবে না। শেয়ারহোল্ডারদের ভোটের অধিকার কাট-অফ তারিখে কোম্পানির পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধনে তাদের হাতে থাকা ইক্যুইটি শেয়ারের অনুপাতে হবে। যে ব্যক্তি কাট-অফ তারিখে সদস্য হওয়া বন্ধ করে দেন তিনি ভোট দেওয়ার অধিকারী হবেন না এবং শুধুমাত্র তথ্যের উদ্দেশ্যে এই বিজ্ঞপ্তিটি ব্যবহার করা উচিত। কোম্পানি জনাব অতুল কুমার লাভ, মেসার্স এর প্র্যাকটিসিং কোম্পানি সেক্রেটারি (FCS নং ৪৮৪৮, C.P ৩২৩৮) নিযুক্ত করেছে। A.K. Labh Co, Kolkata, একটি ন্যায্য ও স্বচ্ছ পদ্ধতিতে ই-ভোটিং প্রক্রিয়ার মাধ্যমে পোস্টাল ব্যালট পরিচালনার জন্য স্ক্রুটিনাইজার হিসেবে কাজ করত। আপনার যদি দূরবর্তী ই-ভোটিং সংক্রান্ত কোনো প্রশ্নঅভিযোগ বা সমস্যা থাকে, সদস্যরা www.evotingindia.com-এ সিডিএসএল ওয়েবসাইটের সহায়তা বিভাগের অধীনে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নগুলি (FAQs) দেখতে পারেন বা শ্রী রাকেশ ডালভি, সিনিয়রের সাথে যোগাযোগ করতে পারেন ম্যানেজার, সিডিএসএল,এ উইং, ২৫তলা, ম্যারাথন ফিউচুরেক্স, মফতলাল মিল কম্পাউন্ড, এন এমজোশী মার্গ, লোয়ার পারেল(পূর্ব), মুম্বাই - ৪০০০১৩ বা helpdesk.evotingcdslindia.com-এ একটি ইমেল পাঠান বা আরও স্পষ্টতার জন্য ০২২-২৩০৫৮৫৪২৪৩ এ কল করুন। আরও, পোস্টাল ব্যালট সংক্রান্ত অন্য কোন প্রশ্নঅভিযোগের ক্ষেত্রে, শেয়ারহোল্ডারদের আমাদের রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্টের সাথে ২৩, আর. এন. মুখার্জি রোড, ৫ম তলা, কলকাতা - ৭০০০০১-এ যোগাযোগ করার জন্য বা mdpldc@yahoo.com-এ ইমেল করার জন্য অনুরোধ করা হচ্ছে। পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তিটি কোম্পানির ওয়েবসাইটে www.skpsecurities.com এবং সিডিএসএল-এর ওয়েবসাইট www.evotingindia.com-এও পাওয়া যাচ্ছে।

বোর্ডের পক্ষে এবং পক্ষে
এসকেপি সিকিউরিটিজ লিমিটেডএসডি-অলকা খেতাওয়াত
কোম্পানি সেক্রেটারি

স্থানঃ কলকাতা
তারিখঃ৩১ আগস্ট, ২০২৪

ব্যক্তিগত সম্পদ। ব্রোকিং। বিতরণ। প্রাতিষ্ঠানিক ইকুইটি । বিনিয়োগ ব্যাংকিং

NSE BSE INZCO0199335 I NSDL &} CDR: IN-DP-155-2015 IRA INH300:02902 I PMS:INP000306509 I MB: INM000012670 I AMFI: ARN 0006

বিরাট লিজিং লিমিটেড

রেজিঃ অফিসঃ ১, ক্রুড লেন, ৩য় তলা, রুম নং-৩২৪, কলকাতা-৭০০ ০৬৯

কর্পোঃ অফিসঃ জাজোদিয়া টাওয়ার, ৩, বেন্টিঙ্ক স্ট্রিট, রুম নং ডি-৮, কলকাতা - ৭০০০০১

ইমেলঃ info@vll.co.in ওয়েবসাইট ঃ www.vll.co.in

সিনঃ এল ৬৫৯৯১০ ডব্লুবি১৯৮৪ পিএলসি ০৯৮৬৮৪

৪০তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি, বই বন্ধ এবং ই-ভোটিং তথ্য

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হল যে মেসার্স এর ৪০ তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) ২০২৩-২৪ আর্থিক বছরের জন্য বিরাট লিজিং লিমিটেড ('কোম্পানি') ২৭ সেপ্টেম্বর, ২০২৪ শুক্রবার দুপুর ১২.০০টায় (১এসটি)বিবাদি বাগ প্রফেশনাল এসোশিয়েশন কর্মাস হাউস, ২এ গণেশ চন্দ্র এভেনিউতে ৪র্থ তলা, রুম নংঃ১, কলকাতা-৭০০০১৩ অনুষ্ঠিত হতে চলেছে। এজিএম (নোটিশ) আহ্বান করার বিজ্ঞপ্তিতে নির্ধারিত ব্যবসায় লেনদেনের জন্য। কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ১০১ এর অধীনে প্রণীত নিয়মগুলির সাথে পড়া, সেবি-এর রেগুলেশন ৩৬ (লিস্টিং বাধ্যবাধকতা এবং প্রকাশের প্রয়োজনীয়তা) রেগুলেশনস, ২০১৫ (লিস্টিং রেগুলেশনস) এবং সাধারণ সভায় সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড (সংবিধিবিবদ্ধ বা সংবিধিবদ্ধ) সহ এর পুনঃপ্রণয়ন(গুলি), আপাতত বলব, ৪০ তম এজিএম-এর বিজ্ঞপ্তি এবং আর্থিক বছরের ২০২৩-২৪-এর বার্ষিক প্রতিবেদন ই-মেইলের মাধ্যমে পাঠানো হয়েছে যাদের ই-মেইল আইডি নিবন্ধিত কোম্পানির ডিপোজিটরি অংশগ্রহণকারী রেজিস্ট্রার এবং ট্রান্সফার এজেন্ট (আরটিএ), মেসার্স। Niche Technologies Pvt Ltd, ক্ষেত্রমত, এবং সেই সদস্যদের ফিজিক্যাল কপি যাদের ই-মেইল আইডি ডিপোজিটরি অংশগ্রহণকারী (গুলি) বা আরটিএ-তে ১৬ই আগস্ট, ২০২৪ তারিখ পর্যন্ত নিবন্ধিত নয়, অনুমোদিত মোডে তাদের নিজ নিজ ডাক ঠিকানায় . বার্ষিক প্রতিবেদন সহ এজিএম নোটিশের প্রেরণ সম্পন্ন হয়েছে ৩রা সেপ্টেম্বর, ২০২৪-এ। উপরোক্ত নথিগুলি কোম্পানির ওয়েবসাইটে www.v1l.co.in, বিসিই লিমিটেডের ওয়েবসাইট www.bseindia.com-এও পাওয়া যাচ্ছে। ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড(এনএসডিএল)এর ওয়েবসাইট www.evoting.nsdl.com এ। কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ১০৮-এর বিধান অনুসারে কোম্পানি (ব্যবস্থাপনা ও প্রশাসন) বিধিমালা, ২০১৪-এর বিধি ২০, এবং লিস্টিং রেগুলেশনের রেগুলেশন ৪৪ এবং সাধারণ সভাগুলিতে সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড (পরিবর্তন সহ (পরিবর্তন) সহ) বা এর পুনঃপ্রণয়ন(গুলি), আপাতত কার্যকর), কোম্পানি তার সদস্যদের এজিএম-এ লেনদেন করা ব্যবসার ক্ষেত্রে দূরবর্তী ই-ভোটিং সুবিধা প্রদান করছে। **দূরবর্তী ই-ভোটিং শুরু হবে মঙ্গলবার, ২৪শে সেপ্টেম্বর, ২০২৪ সকাল ৯.০০ এ। এবং বৃহস্পতিবার, ২৬শে সেপ্টেম্বর, ২০২৪ বিকাল ৫.০০ এ শেষ হবে।** উল্লিখিত তারিখ এবং সময়ের বাইরে দূরবর্তী ই-ভোটিং অনুমোদিত হবে না। এই সময়ের মধ্যে, কাট-অফ তারিখ (রেকর্ড তারিখ) হিসাবে শেয়ার ধারণকারী কোম্পানির সদস্যরা, অর্থা ২০শে সেপ্টেম্বর, ২০২৪ ইলেকট্রনিকভাবে তাদের ভোট দিতে পারে। দূরবর্তী ই-ভোটিংয়ের প্রক্রিয়া এবং পদ্ধতির বিশদ বিবরণ উল্লিখিত বিজ্ঞপ্তিতে দেওয়া হয়েছে।

যে কোনো ব্যক্তি, যিনি কোম্পানির শেয়ার অর্জন করেন এবং নোটিশ পাঠানোর পর কোম্পানির সদস্য হন এবং কাট-অফ তারিখ অর্থাৎ ২০শে সেপ্টেম্বর, ২০২৪ তারিখে শেয়ার ধারণ করেন, তিনি ব্যবহারকারী আইডি এবং পাসওয়ার্ড ইস্যু করার জন্য কোম্পানির কাছে যেতে পারেন ইলেকট্রনিক উপায়ে তাদের ভোট দেওয়ার অধিকার। একজন ব্যক্তি যিনি কাট-অফ তারিখে কোম্পানির সদস্য হওয়া বন্ধ করে দেন এবং এই নোটিশ প্রাপ্তির মধ্যে থাকেন, শুধুমাত্র তথ্যের উদ্দেশ্যে একই আচরণ করবেন। কোম্পানিটি এজিএম-এ পোলিং পেপারব্যালট পেপারের মাধ্যমে ভোট দেওয়ার সুবিধাও দিচ্ছে মিটিংয়ে উপস্থিত সদস্যদের জন্য, যারা দূরবর্তী ই-ভোটিংয়ের মাধ্যমে তাদের ভোট দেননি। যাইহোক, যেসকল সদস্যরা ইতিমধ্যেই এজিএম-এর আগে দূরবর্তী ই-ভোটিং দ্বারা তাদের ভোট দিয়েছেন, তারা এজিএম-এ উপস্থিত থাকতে পারেন কিন্তু আবার ভোট দেওয়ার অধিকারী হবেন না। যদি কোনো সদস্য এজিএম-এ রিমোট ই-ভোটিং এবং পোলিং পেপার উভয় পদ্ধতিতে ভোট দেন, তাহলে রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে করা ভোট প্রাধান্য পাবে এবং পোলিং পেপারের মাধ্যমে দেওয়া ভোট বাতিল বলে গণ্য হবে। শ্রী রাজেশ ঘোরাওয়াত (এফসিএসঃ ৭২২৬), প্র্যাকটিসিং কোম্পানি সেক্রেটারিকে সুষ্ঠু ও স্বচ্ছ পদ্ধতিতে দূরবর্তী ই-ভোটিং এবং ব্যালটের মাধ্যমে ভোটদানের পরীক্ষা-নিরীক্ষা করার জন্য নিযুক্ত করা হয়েছে। লিস্টিং রেগুলেশনের রেগুলেশন ৪২ এর সাথে পঠিত কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ৯১ অনুসারে, কোম্পানির সদস্যদের রেজিস্টার ২১শে সেপ্টেম্বর, ২০২৪ থেকে ২৭ সেপ্টেম্বর, ২০২৪ পর্যন্ত (উভয় দিন সহ) এজিএমের উদ্দেশ্যে বন্ধ থাকবে। আর্থিক বছর ২০২৩-২৪। কোন প্রশ্নের ক্ষেত্রে, আপনি শেয়ারহোল্ডারদের জন্য প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন (এফএকিউএস) এবং শেয়ারহোল্ডারদের জন্য ই-ভোটিং ব্যবহারকারী ম্যানুয়ালটি www.evoting@nsdl.com-এর ডাউনলোড বিভাগে উপলব্ধ বা টোল ফ্রি নম্বরে কল করতে পারেনঃ ০২২ ৪৮৮৬ ৭০০০ অথবা ০২২ ২৪৯৯ ৭০০০ নম্বরে অথবা evotingnsdl.co.in-এ এনএসডিএলের সিনিয়র ম্যানেজার মিসেস পল্লবী মাত্রেকে একটি অনুরোধ পাঠান।

বিরাট লিজিং লিমিটেডের জন্য
সাক্ষর -মনীষা খান্ডেলওয়াল
কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার

স্থানঃ কলকাতা
তারিখ ঃ ০৪.০৯.২০২৪

কৌশল ইনভেস্টমেন্টস লি.

রেজিঃ অফিসঃ ৩, বেন্টিঙ্ক স্ট্রিট, ৪র্থ তলা, রুম নং ডি-৮,কলকাতা-৭০০০০১

ইমেইলঃ info@kaushalinvest.com ওয়েবসাইট ঃ www.kaushalinvest.com

৪৩তম বার্ষিক সাধারণ সভার বই বন্ধের বিজ্ঞপ্তি এবং ই-ভোটিং তথ্য

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হল যে মেসার্সের ৪৩তম বার্ষিক সাধারণ সভা(এজিএম)। ২০২৩-২৪ আর্থিক বছরের জন্য কৌশল ইনভেস্টমেন্টস লিমিটেড ('কোম্পানি') শুক্রবার, ২৭ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে বিকাল ৩,০০ পিএম(আইএসটি) জাজোদিয়া টাওয়ার, ৩-এ কোম্পানির নিবন্ধিত অফিসে অনুষ্ঠিত হবে। ৩, বেন্টিঙ্ক স্ট্রিট, ৪র্থ তলা, রুম নং ডি-৮,কলকাতা-৭০০০০১ এজিএম (নোটিশ) আহবানের বিজ্ঞপ্তিতে নির্ধারিত ব্যবসায় লেনদেনের জন্য।

কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ১০১ এর অধীনে প্রণীত নিয়মগুলির সাথে পড়া, সেবি-এর রেগুলেশন ৩৬ (লিস্টিং বাধ্যবাধকতা এবং প্রকাশের প্রয়োজনীয়তা) রেগুলেশনস, ২০১৫ (লিস্টিং রেগুলেশনস) এবং সাধারণ সভায় সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড (সংবিধিবদ্ধ বা সংবিধিবদ্ধ) সহ এর পুনঃপ্রণয়ন(গুলি), আপাতত বলব), ৪৩তম এজিএম-এর নোটিশ ২০২৩-২৪ আর্থিক বছরের বার্ষিক প্রতিবেদন সহ সেই সমস্ত সদস্যদের ই-মেইলের মাধ্যমে পাঠানো হয়েছে যাদের ই-মেইল আইডি নিবন্ধিত কোম্পানির ডিপোজিটরি অংশগ্রহণকারী রেজিস্ট্রার এবং ট্রান্সফার এজেন্ট (আরটিএ), মেসার্স। Niche Technologies Pvt Ltd, ক্ষেত্রমত, এবং সেই সদস্যদের ফিজিক্যাল কপি যাদের ই-মেইল আইডি ডিপোজিটরি অংশগ্রহণকারী (গুলি) বা আরটিএ-তে ১৬ই আগস্ট, ২০২৪ তারিখ পর্যন্ত নিবন্ধিত নয়, অনুমোদিত মোডে তাদের নিজ নিজ ডাক ঠিকানায় . বার্ষিক প্রতিবেদন সহ এজিএম নোটিশের প্রেরণ সম্পন্ন হয়েছে ৩রা সেপ্টেম্বর, ২০২৪-এ। উপরোক্ত নথিগুলি কোম্পানির ওয়েবসাইট info@kaushalinvest.com, CSE-এর ওয়েবসাইট https:www.cse-india.com-এও পাওয়া যাচ্ছে। এবং ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেডের(এনএসডিএল)ওয়েবসাইটে www.evoting.nsdl.com

কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ১০৮-এর বিধান অনুসারে কোম্পানি (ব্যবস্থাপনা ও প্রশাসন) বিধিমালা, ২০১৪-এর বিধি ২০, এবং লিস্টিং রেগুলেশনের রেগুলেশন ৪৪ এবং সাধারণ সভাগুলিতে সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড (পরিবর্তন সহ (পরিবর্তন) সহ) বা এর পুনঃপ্রণয়ন(গুলি), আপাতত কার্যকর), কোম্পানি তার সদস্যদের এজিএম-এ লেনদেন করা ব্যবসার ক্ষেত্রে দূরবর্তী ই-ভোটিং সুবিধা প্রদান করছে। দূরবর্তী ই-ভোটিং শুরু হবে মঙ্গলবার, ২৪শে সেপ্টেম্বর, ২০২৪ সকাল ৯.০০ এ। এবং শেষ হবে বৃহস্পতিবার, ২৬শে সেপ্টেম্বর, ২০২৪ বিকাল ৫.০০ টায়। উল্লিখিত তারিখ এবং সময়ের বাইরে দূরবর্তী ই-ভোটিং অনুমোদিত হবে না। এই সময়ের মধ্যে, কাট-অফ তারিখ (রেকর্ড তারিখ) হিসাবে শেয়ার ধারণকারী কোম্পানির সদস্যরা, অর্থাৎ ২০শে সেপ্টেম্বর, ২০২৪ ইলেকট্রনিকভাবে তাদের ভোট দিতে পারে। দূরবর্তী ই-ভোটিং প্রক্রিয়া এবং পদ্ধতির বিশদ বিবরণ উল্লিখিত বিজ্ঞপ্তিতে দেওয়া হয়েছে। যেকোন ব্যক্তি, যিনি কোম্পানির শেয়ার অর্জন করেন এবং নোটিশ পাঠানোর পর কোম্পানির সদস্য হন এবং কাট-অফ তারিখ অর্থাৎ ২০শে সেপ্টেম্বর, ২০২৪ তারিখে শেয়ার ধারণ করেন, তিনি ব্যবহারকারী আইডি এবং পাসওয়ার্ড ইস্যু করার জন্য কোম্পানির কাছে যেতে পারেন ইলেকট্রনিক উপায়ে তাদের ভোটাধিকার প্রয়োগের জন্য। একজন ব্যক্তি যিনি কাট-অফ তারিখে কোম্পানির সদস্য হওয়া বন্ধ করে দেন এবং এই নোটিশ প্রাপ্তির মধ্যে থাকেন, শুধুমাত্র তথ্যের উদ্দেশ্যে একই আচরণ করবেন। কোম্পানিটি এজিএম-এ পোলিং পেপারব্যালট পেপারের মাধ্যমে ভোট দেওয়ার সুবিধাও দিচ্ছে মিটিংয়ে উপস্থিত সদস্যদের জন্য, যারা দূরবর্তী ই-ভোটিংয়ের মাধ্যমে তাদের ভোট দেননি। যাইহোক, যেসকল সদস্যরা ইতিমধ্যেই এজিএম-এর আগে দূরবর্তী ই-ভোটিং দ্বারা তাদের ভোট দিয়েছেন, তারা এজিএম-এ উপস্থিত থাকতে পারেন কিন্তু আবার ভোট দেওয়ার অধিকারী হবেন না। যদি কোনো সদস্য এজিএম-এ রিমোট ই-ভোটিং এবং পোলিং পেপার উভয় পদ্ধতিতে ভোট দেন, তাহলে রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে করা ভোট প্রাধান্য পাবে এবং পোলিং পেপারের মাধ্যমে দেওয়া ভোট বাতিল বলে গণ্য হবে। জনাব রাজেশ ঘোরাওয়াত (এফসিএসঃ৭২২৬), প্র্যাকটিসিং কোম্পানি সেক্রেটারিকে সুষ্ঠু ও স্বচ্ছ পদ্ধতিতে দূরবর্তী ই-ভোটিং এবং ব্যালটের মাধ্যমে ভোটদানের পরীক্ষা-নিরীক্ষা করার জন্য নিযুক্ত করা হয়েছে।লিস্টিং রেগুলেশনের রেগুলেশন ৪২ এর সাথে পঠিত কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ৯১ অনুসারে, কোম্পানির সদস্যদের রেজিস্টার ২১শে সেপ্টেম্বর, ২০২৪ থেকে ২৭ সেপ্টেম্বর, ২০২৪ পর্যন্ত (উভয় দিন সহ) এজিএমের উদ্দেশ্যে বন্ধ থাকবে। আর্থিক বছর ২০২৩-২৪।কোন প্রশ্নের ক্ষেত্রে, আপনি শেয়ারহোল্ডারদের জন্য প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন (FAQs) (এফএকিউসে) এবং শেয়ারহোল্ডারদের জন্য ই-ভোটিং ব্যবহারকারী ম্যানুয়ালটি www.evoting.nsdl.com-এর ডাউনলোড বিভাগে উপলব্ধ বা টোল ফ্রি নম্বরে কল করতে পারেনঃ ০২২ ৪৮৮৬ ৭০০০ অথবা ০২২ ২৪৯৯ ৭০০০ নম্বরে অথবা evotingn@sdl.co.in-এ এনএসডিএলের সিনিয়র ম্যানেজার মিসেস পল্লবী মাত্রেকে একটি অনুরোধ পাঠান।

কৌশল ইনভেস্টমেন্ট লিমিটেডের জন্য
সাক্ষর -রাধিকা মহেশ্বরী
কোম্পানি সচিব ও কমপ্লায়েন্স অফিসার

স্থানঃ কলকাতা
তারিখঃ৪ই সেপ্টেম্বর, ২০২৪

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

২৯ বর্ষ, দৈনিক ২৭৫ সংখ্যা, বুধবার ১৮ ভাদ্র, ১৪৩১

তিব্বতে বাঙালি সন্তান

সালটা ১৮৮২, মে মাসের এক বিকেলে দুর্গম পথ পেরিয়ে তিব্বতের রাজধানী লাসায় ঘোড়ার পিঠে চেপে পৌঁছল একটি দল। দলে আছে মালবাহক ও তিব্বতি লামারা, আর আছে লামার পোশাক-পরা লাল পাগড়ি চোখে সানগ্লাস এক ভিনদেশি। ক্লান্তিতে মাঝে মাঝে নুয়ে পড়ছে সে। চিনে পেস্ট্রির দোকানে জমায়েতে হওয়া ভিড়টা তাকে দেখে মন্তব্য করল, 'দেখেছ আবার এক বসন্ত রোগী এসে হাজির হয়েছে।' তারা জানেই না লাল পাগড়ি ভিনদেশির সঙ্গে আছে রিভলভার, কম্পাস, সেটস্কোয়ার ও হরেক কাগজ। তিব্বতি ভাষায় সুদক্ষ মানুষটি বিভিন্ন মঠ থেকে খুঁজে পাওয়া পুঁথি অনুবাদ করে নিয়ে যাবেন তার দেশে। তিব্বতি সংস্কৃতি ও জনজীবনে আগ্রহী এই বাবুটি আরো একটি কাজ করছেন। চলার পথে প্রতিটি পাহাড়, নদীনালা ও ভূপ্রকৃতির বৈশিষ্ট্য কাগজে লিখে নিয়েছেন, লাসায় আসার পথে চুম্বি উপত্যকা, 'ইয়ামড্রোক সো' হ্রদে ঝটিতি জরিপ করেছেন। টুকে নিয়েছেন কাঞ্চনজঙ্ঘা এলাকার হরেক পাহাড় ও পথের পরিচয়। সেগুলি ভারত সরকারের দফতরে গোপনে বাক্সবন্দি হবে। পরে বৃটিশ সেনাপতি ইয়ংহাসব্যান্ড এই তথ্যের ওপর নির্ভর করেই তিব্বত দখলের অভিযানে বেরোবেন। ভিনদেশি ছিলেন এক বঙ্গসন্তান শরৎচন্দ্র দাস। তাঁর পরিচয় নিয়ে কয়েক বছর পরেও তিব্বতে ঘোর ধোঁয়াশা। যে তিব্বতি লামারা তাঁকে সাহায্য করেছিলেন, সকলকেই পরবর্তী কালে এক ধার থেকে মৃত্যুদণ্ড দেওয়া হয়। শরৎচন্দ্র দাস কি ছিলেন পণ্ডিত? দুর্গম পথের অভিযাত্রী? না কি এক গুপ্তচর? লাসা সফরের তিন বছর পর এই রহস্যময় চরিত্রটিকে দেখা গেল চিনের রাজধানী পিকিং শহরে। সেখানে বাণিজ্যের খোঁজে আসা তিব্বতিরা তাঁকে 'কা চে লামা' বা কাশ্মীরের লামা বলে ডাকেন। শরৎচন্দ্র দাসের সঙ্গে অবশ্য কাশ্মীরের কোনও সম্পর্ক নেই। তিনি এসেছেন কোলম্যান মেকলে নামে এক ব্রিটিশ কূটনীতিককে সাহায্য করতে। কোলম্যান লাসা শহরে ব্রিটিশ দূতাবাস খুলতে যাবেন, পিকিং শহরে তাই ঘাঁটি গেড়ে বসে আছেন। চিনের রাজধানীতে বাঙালি শরৎচন্দ্র দাস এ বিষয়ে তাঁর প্রধান সাহায্যকারী। দূতাবাস খোলা আর হয়নি। কিন্তু শরৎচন্দ্র দাসের পরিশ্রমী তথ্য থেকে ব্রিটিশরা এ ভাবেই নানা সাহায্য পেয়েছে। ব্রিটিশ সরকার তাঁকে 'রায়বাহাদুর' ও 'অর্ডার অব ইন্ডিয়ান এম্পায়ার'-এ ভূষিত করেছে। হিমালয়ের খুঁটিনাটি অজানা ভৌগোলিক তথ্য আবিষ্কারের জন্য সম্মানিত করেছে লন্ডনের রয়্যাল জিয়োগ্রাফিক সোসাইটি। কলকাতায় এশিয়াটিক সোসাইটির পত্রিকায় এই গুপ্তচরের লেখালিখি খুলে দিয়েছে তিব্বত ও বৌদ্ধ সংস্কৃতি চর্চার নতুন দিগন্ত। নিজেই তৈরি করেছেন তিব্বতি-ইংরেজি ভাষার অভিধান। থাইল্যান্ডে গিয়েছেন, বৌদ্ধ শাস্ত্রচর্চার জন্য খেতাব দিয়েছেন সেখানকার রাজা। মৃত্যুর দু'বছর আগেও বৌদ্ধ শাস্ত্র ও সংস্কৃতি ঘাঁটতে কয়েক মাসের জন্য পাড়ি দিয়েছেন জাপান। উনিশ শতকে তিব্বতচর্চার জন্য সারা পৃথিবীর কুর্নিশ আদায় করে নিয়েছেন এই বাঙালি। এই পণ্ডিত গুপ্তচর আদতে চট্টগ্রামের আলমপুর গ্রামের ছেলে।

পরিচালক ঋতুপর্ণ ঘোষ

সালটা ১৯৯২ শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের হীরের আংটিকে ঝুলিতে নিয়ে চলচ্চিত্র জগতে এলেন ঋতুপর্ণ ঘোষ। তার ইচ্ছে ছিল সত্যজিৎ রায়কে সিনেমাটি দেখানোর, এরকম genre এর সিনেমা এর আগে সত্যজিৎ ছাড়া বাংলায় কেউ খুব একটা করেননি। তাই সাহস করে বলা বাহুল্য দুঃসাহসী হয়েই এরকম genre কে বেছে গতের বাইরে যেতে চাইলেন ঋতু। কিন্তু সেখানে বিষয়টা ওয়ার্ক আউট করল না। সত্যজিৎ ও চলে গেলেন, সিনেমা টাও খুব একটা হিট করলো না। হয়তো এটা দর্শকদের সমস্যা, নতুন কিছুকে গ্রহণ করতে একটু দ্বিধা করি আমরাই। আর সত্যজিৎ রায়ের ব্যাপারটা নিয়ে ঋতু লিখলেন,হয়তো আমার সৌভাগ্য ছিল, মানিক বাবু সিনেমাটা দেখে কীভাবে নিতেন তা ভালো করেই বুঝে ছিলাম। এরপর ১৯৯৪ এ দেবশ্রী রায়, অপর্ণা সেনকে চরিত্র বানিয়ে ফেললেন উনিশে এপ্রিলের মতো অসাধারণ একটা ছবি। শুধু গল্প কিংবা অভিনয়ই নয় টেকনিক্যালি এরকম সিনেমা সেইসময় অন্য কোনো কল্পনা করেছে টালিগঞ্জে। কিন্তু এখানে ব্যক্তি ঋতুপর্ণের মানুষের সাথে একাত্ম হয়ে যাওয়ার ও একটা দিক প্রকাশ পায়। শোনা যায় যখন উনিশে এপ্রিলের পোস্ট প্রোডাকশনের কাজে ঋতু ব্যস্ত তখন নিজেদের বিবাহ বিচ্ছেদের কথা প্রথম তাকে শোনান দেবশ্রী রায়। ঋতুপর্ণ প্রসেনজিৎ কে অনেকবার বোঝানোর চেষ্টা করেও লাভ হয়নি। কতটা কাছের লোক হলে এরকম একটা খবর আত্মীয়দের না জানিয়ে একজনকে জানিয়ে ফোনের অন্য প্রান্তে অঝরে কাঁদা যায়! এরপর ঋতুপর্ণর আর পিছন ফিরে তাকায় নি, একাধিক জাতীয় পুরস্কার, বিভিন্ন খন্ডখণ্ড একের পর এক আসতেই থাকে সেই ঝুলিতে, যেই ঝুলিতে একদিন হীরের আংটি নিয়ে ঢুকেছিলেন ঋতু। কিন্তু বিতর্ক পিছু ছাড়লো না। তার ছবি নিয়ে কিছু নিম্ন শ্রেণীর লোক বিদ্রুপ করতে থাকলো। নিজের ছবি নিয়ে ব্রাত্য বসুকে দেওয়া সাক্ষাৎকারে ঋতু বললেন, সেটা করলে আমার আপত্তি নেই কিন্তু কিছু মানুষ আমাকে নিয়ে যেটা করে সেটা মেনে নেওয়া যায় না। এরপর চোখের বালিতে ঐশ্বর্য রাই এর সঙ্গে করে অন্তরমহলের কিছু দৃশ্য এবং আবহমানের গল্প নিয়েও শোরগোল পড়ে যায়। কিন্তু ঋতু থেমে থাকেননি। তার সমালোচকদের মুখে ছুঁড়ে দিয়েছেন জবাব। নিজে কোনো দিন কোলকাতা ছাড়েননি। কিন্তু তার সাথে কাজ করতে অমিতাভ বচ্চন এর মতো অভিনেতারা ও কলকাতায় এসেছেন। নিজে কতটা ধীর এবং স্থির আত্মবিশ্বাসী ছিলেন সেটা বোঝাতে তিনি এক জায়গায় লিখছেন এক ট্র্যাজেডির কথা। চিত্রাঙ্গদার শ্যুটিংয়ে ছবি করতে গিয়ে শেষ হন।

শ্রীশ্রী অনুকূল ঠাকুর



মানব সেবা করতে হবে। তবেই সন্ন্যাস ধর্ম সঠিকভাবে পালন করা সম্ভব। ঠাকুর বলতেন,পরম সত্যের উপাসক হতে হবে। তবেই মার শক্তি অর্জন করা সম্ভব হবে। তিনি বলতেন, মা জাগতিক শক্তি অর্জন করতে পেরেছেন। প্রকৃত শিক্ষার মধ্যেই শক্তি নিহিত। শারীরিক শক্তি, মানসিক শক্তি ধারন করতে হবে। সৎ শক্তি দিয়ে দেশের সেবা করতে হবে। এটা যিনি করতে পারেন তিনি হচ্ছেন সার্থক সন্ন্যাসী। জীবন সার্থক হয় তাঁর। তিনিই সিদ্ধ পুরুষ। মহা মানবে পরিণত হন তিনি। মায়ের শক্তি থেকেই সেঅ অভয় শক্তি আসে। সেই শক্তির কোনদিন ক্ষয় হয় না।

ভগিনী নিবেদিতা দর্শন



ভগিনী নিবেদিতা বলতেন, এই শক্তি হচ্ছে সর্বজয়ী। যে কোনও স্থানে এই শক্তিকে প্রয়োগ করা সম্ভব হবে। মায়ের শক্তির ওপরে নির্ভর করে জাগতিক নিয়ম কানুন চলে। বেদ বেদান্ত সব কিছুই ভরসা করে রয়েছে মায়ের শক্তির ওপরে। প্রকৃত মাতৃশক্তির সংজ্ঞাকে বুঝতে হবে। পড়তে হবে। তার থেকে জ্ঞান আহরণ করতে হবে। নিজেকে নিষ্ঠাবানে পরিণত করতে হবে। মনের এবং শরীরের শক্তির প্রভাব বৃদ্ধি করতে হবে। সব বিষয়ে পারদর্শি হতে হবে। পারিবারিক শক্তির বিকাশ ঘটাতে হবে। মাতৃশক্তির পূর্ণ বিকাশ এই সময়ে দেখতে পাওয়া সম্ভব হয়েছে। ঠাকুর বলতেন, সবার শিক্ষা গ্রহণের ব্যবস্থা করতে হবে। শিক্ষাকে মনে প্রাণে গ্রহণ করতে পারলে তবেই জীবন স্বার্থ হতে পারে। নাহলে জীবন একেবারে ব্যর্থতায় পরিণত হতে থাকবে। তিনি শক্তি। তিনি ভক্তি। তিনি সর্ব বিশ্বাসের অধিকারী। স্বামী বিবেকানন্দের আদর্শকে গ্রহণ করে শিল্প সাহিত্য এবং বিজ্ঞান চর্চায় এগিয়ে যেতে হবে। দেশকে সমৃদ্ধ করতে হবে। তবেই মহান ভারত নির্মাণ সম্ভব হবে।

বাংলার অগ্নিযুগে ব্রিটিশ সরকারের লক্ষ্য ছিল স্বদেশি পত্র-পত্রিকাগুলিকে নিষিদ্ধ করে সরকার বিরোধী মুখ বন্ধ করা

রবীন্দ্র কুমার শীল

প্রায় দেড়বৎসর কাল নিরুদ্রপে 'যুগান্তর' পত্রিকা চলেছিল। এক পরে খোলাখুলি সশস্ত্র বিপ্লবের প্রচার শুরু হলে পুলিশ ও ইংরেজ সরকারের দৃষ্টি গিয়ে পড়ল এবং তাদের টনক নড়ে উঠল। ১৯০৬ সালের আগস্ট মাসে মেহচন্দ্র কানুগো তাঁর পৈতৃক সম্পত্তি বিক্রি করে ফরাসী দেশে চলে যান বোমা তৈরি প্রণালী শেখবার জন্য। হেমচন্দ্র ছিলেন মেদিনীপুর শাখার কর্মী। মানিকতলা ছিল প্রধান যুগান্তর কেন্দ্র। কিন্তু প্রথমে বোমা প্রস্তুত এখানে হতো না। বোমা তৈরির প্রথম চেষ্টা হয়েছিল দেওঘরের রোহিণীতে। সে প্রচেষ্টা ব্যর্থ হয়েছিল এবং চেষ্টা করতে গিয়ে রংপুরের ঈশান চক্রবর্তীর পুত্র প্রফুল্ল চক্রবর্তী মারা যান। প্রফুল্লর মৃত্যুর পরে কলকাতায় এসে বোমা তৈরির কাজ শুরু হয়। ঢাকুরিয়ার জীর্ণ একতলার ছোট বাড়িতে চেষ্টা হয়েছিল বেশ কয়েকদিন। বাড়িটির স্থান কোথায় ছিল এবং কার বাড়ি ছিল তা অবশ্য জানা যায়নি। বিপ্লবীদের আড্ডা বসত দেবব্রতের বাড়িতে, কখনও বা টাউন স্কুলে আবার কখন বা গঙ্গার ঘাটে। তখন অরবিন্দ থাকতেন রাজা সুবোধ মল্লিকের বাড়িতে। প্রয়োজন হলে তাঁর সঙ্গে দেখা করে পরামর্শ গ্রহণ করা হতো। বছরে একবার সম্মেলন কর্মীদের সম্মেলন হতো। তাতে প্রেসিডেন্ট হতেন পি মিত্র। সেখানে অরবিন্দ এবং বারীন্দ্রকুমার উপস্থিত থাকতেন। যুগান্তর লেখকদের মধ্যে ছিলেন বারীন্দ্রকুমার, ভূপেন্দ্রনাথ এবং দেবব্রত। অরবিন্দও মাঝে মধ্যে লিখতেন। তিনি আবার ভালো বাংলা লিখতে পারতেন না। ১৯০৭ সালে ১১ এপ্রিল সংখ্যায় একটি প্রবন্ধ প্রকাশিত হল। শিরোনাম ছিল -' এসো অরাজকতা' তাতে লেখা ছিল-'অরাজকতা সৃষ্টি করতে হবে, সুতরাং সেই অরাজকতাকে আহ্বান করি,- ইতিহাসে যার নাম বিপ্লব'। (বারীন্দ্রকুমার, পৃষ্টা-৯৩)। যুগান্তরে খোলাখুলি প্রচার করা হতো। দেশে সশস্ত্র বিপ্লবের জন্য ইংরেজদের অধীনে ভারতীয় সেনাদের মধ্যে স্বাধীনতার মন্ত্র প্রচার করতে হবে। ১৯০৬ সালে ২৬ আগস্ট সংখ্যায় লেখেন দেবব্রত বসু তাঁর যোগাক্ষ্যাপার পত্রে-'' বিপ্লবের জন্য অস্ত্রাদি সংগ্রহ সহজে করা যায় এবং গোপনীয়তা রক্ষা করে বিস্ফোরণ তৈরি করা সম্ভব।" (বরীন্দ্রকুমার, পৃষ্টা-৯৩)। যুগান্তরে বারীন্দ্রকুমার লিখতেন-' বর্তমান রণনীতি'। মাল মসলা সংগ্রহ করতেন, ক্যামনের 'রুশ-জাপান যুদ্ধ' বই থেকে। পরে এটা বই আকারে প্রকাশিত হয়েছিল।

১৯০৭ সালে যুগান্তর পত্রিকার ওপরে ইংরেজ সরকারের আঘাত এসে পড়ল। ১৯০৭ সালের ৭ জুন সতর্ক বার্তা দেওয়া হল যুগান্তর পত্রিকাকে। কারণ ২ জুন ১৯০৭ সালের সংখ্যায় সরকার বিরোধী লেখার প্রকাশ করা হয়েছিল। ভূপেন্দ্রের ডাক পড়ল লালবাজারের গোয়েন্দা বিভাগের ইন্সপেক্টর পূর্ণ চন্দ্র লাহিড়ীর কাছ থেকে। ১২৪ এ ভারতীয় পেনাল কোড'এ দুটো প্রকাশিত প্রবন্ধকে ঘিরে মামলা শুরু হল। একটি হচ্ছে 'ভয়-ভাঙ' এবং আর একটি হচ্ছে 'লাঠিশক্তি' যা প্রকাশিত হয়েছিল ১৬ জুন ১৯০৭ সালে। সেই সময়ে মুখ্য প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট ছিলেন ডি এইচ কিংসফোর্ড। ভূপেন্দ্রনাথ সব প্রবন্ধ প্রকাশের দায়িত্ব ঘাড়ে নিয়ে দোষ স্বীকার করলেন। ফলে ২৪ জুলাই ১৯০৭ সালে তাঁর এক বছর জেল হয়। ভূপেন্দ্রনাথের সাহসিকতার প্রশংসা করে 'বন্দেমাতরম' পত্রিকায় অরবিন্দ একটি প্রবন্ধ লিখলেন তার নাম হচ্ছে ''One more for the Alter ''। সেখানে তিনি লিখলেন-'' To meet persecution with indifference, to take punishment quietly as a matter of course, with erect head and undimmed eyes, this is the sprit in which we must conquer, (Alipur Conspiracy Case An Outline of the Sensational Trial in The History of The Indian Indepenedence Movement, Page-25)" ৯ আগস্ট ১৯০৭ সালে কলেজ স্কেয়ারে বিক্ষোভ সমাবেশ হয়েছিল। সেখানে বেশ কিছু মহিলা অংশ গ্রহণ করে নেতৃত্ব দিয়েছিলেন তার মধ্যে ছিলেন ডাক্তার নীলরতন সরকারের স্ত্রী যিনি ৬১, হ্যারিসন রোডে (বর্তমান মহাত্মা গান্ধি রোড) বসবাস করতেন। যোগ দিয়েছিলেন ভূপেন্দ্রনাথের মাতা ভুবনেশ্বরী দেবী, লীলাবতী দেবী, কৃষ্ণকুমার মিত্রের স্ত্রী সভায় সভাপতিত্ব করেন। চিকিৎসক প্রাণ কৃষ্ণ আচার্যের স্ত্রী সভায় পত্রপাঠ করেছিলেন যা লিখেছিলেন ভূপেন্দ্রনাথের মাতা ভুবনেশ্বরী দেবী তাঁর পুত্রের সম্মানে। কৃষ্ণ কুমার মিত্রের কন্যা একটি কবিতা পাঠ করেছিলেন যে কবিতা লিখেছিলেন আনন্দ মোহন বসুর স্ত্রী স্বর্ণপ্রভা দেবী। সভায় ভূপেন্দ্রনাথের মায়ের হাতে একটি প্রশংসাপত্র তুলে দেওয়া হয়েছিল। এটাই হচ্ছে বাংলার বিপ্লবী আন্দোলনকে সমর্থন করে স্বতঃস্ফুর্ত মহিলাদের প্রতিবাদ সভা। আদালতে বিচারের সময় ভূপেন্দ্রনাথ দত্ত সদর্পে ঘোষণা দিয়েছিলেন-'এই বিদেশী সরকারের আদালতকে আমি স্বীকার করি না। I have done what I thought to be duty to my country-you may mete out any punishment you like. I shall bear it cheerfully" (বিপ্লবী যুগান্তরের সংক্ষিপ্ত ইতিহাস। পৃষ্টা-৪৫)।

১৯০৭ সালে ৮ জুন আবার ইংরেজ সরকার সতর্ক বার্তা পাঠালো 'বন্দেমাতরম' পত্রিকাকে। ৩০ জুলাই গোয়েন্দা বিভাগের সুপারিটেন্ডেট মিস্টার ইলিস ১২, নম্বর ওয়েলিংটন স্কোয়াবের (রাজা সুবোধ মল্লিকের বাড়ি) ২-১ ক্রীক রো সার্চ ওয়ারেন্ট নিয়ে উপস্থিত হয়ে ঘর তল্লাশির কাজ শুরু করলেন। সেখান থেকে কিছু কাগজপত্র সংগ্রহ করেছিল পুলিশ শ্যামসুন্দর চক্রবর্তীর উপস্থিতিতে। ১৬ আগস্ট ১৯০৭ সালে গোয়েন্দা বিভাগ থেকে আবার কিছু অফিসার এসে উপস্থিত হল। তারা হেমচন্দ্র বাগচীকে গ্রেফতার নোটিশ দিয়ে বলেন, অরবিন্দকে গ্রেফতার করতে এসেছেন। অপরাধ, অরবিন্দ বন্দেমাতরম পত্রিকায় ''Politics for the Indians" ২৭ জুন শহর সংস্করণে এবং পরে তা আবার প্রকাশ করা হয় ২৬ জুলাই। সিদ্ধান্ত হয় অরবিন্দ ধরা দেবেন। তাঁকে পদ্মপুকুর থানায় নিয়ে যাওয়া হল। সেই সময়ে 'সঞ্জীবনী'র কৃষ্ণ কুমার মিত্র এবং হেমেন্দ্র মোহন বোস অরবিন্দের হয়ে জামিন হওয়ার ইচ্ছা প্রকাশ করলে আদালত তা অগ্রাহ্য করলো। পরে বঙ্গবাসীর অধ্যক্ষ গিরিশচন্দ্র বোস এবং নীরোদচন্দ্র মল্লিক রাজা (সুবোধ মল্লিকের কাকা) অরবিন্দকে জামিনে মুক্তি দেওয়ার ইচ্ছা প্রকাশ কালে অরবিন্দ মুক্ত হন। ''Police, in course of their search, could not found any documentary evidence against Aurobindo. But there was a press copy of a reply to a letter in the file Bande Mataram office stating that " after the return of our Editor Aurobindo Ghose, who is now out of Calcutta, we shall reply to your letter" finding the same, Charu Chandra and Subodh Mallik brought it out from the file and burnt it. As such there was no positive proof that Aurobindo was the editor of the paper. In his judgement dated September 23, 1907 Mr. Kingsford stated, " the inference I draw is that the evidence is inconclusive. I find in it nothing which is materially inconsistent with the theory that Arabinda is a mere member of the Ediotrial staff and that he is without responsibility for and without cognizance of the articles charged (Alipur Conspiracy Case An Outline of the Sensational Trial in The History of The Indian Indepenedence Movement, Page-26)."

সেই সময়ে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর অরবিন্দকে শ্রদ্ধা প্রদর্শন করে একটি কবিতা রচনা করেছিলেন - 'অরবিন্দের লহ প্রণাম'। কবিগুরু স্বয়ং সুবোধ মল্লিকের বাড়ি ১২ নম্বর ওয়েলিংটন স্কোয়ারে গিয়ে উপস্থিত হন। সেখানে গিয়ে শ্রীঅরবিন্দ, মনমোহন ঘোষ (অরবিন্দের বড় ভাই), রাজা সুবোধ মল্লিক, নিরোধ মল্লিক এবং চারু চন্দ্রের সঙ্গে সাক্ষাৎ করেন। তাঁরা সবাই কবিকে সাদরে গ্রহণ করেন। কবি অরবিন্দকে বুকে জড়িয়ে ধরে হাত চাপড়ে দিলেন এবং হেসে বললেন, -''you noble minded! Did you play false with me" অরবিন্দ তার উত্তরে বলেছিলেন-''Not for long" সেই সময় কবি সকলের সঙ্গে আলোচনা করা কালে চারুচন্দ্র বলেন-''We did not allow him to go to jail. We have burnt one or two important papers. This is only the beginning. Your poem will not go in vain". (Alipur Conspiracy Case An Outline of the Sensational Trial in The History of The Indian Indepenedence Movement, Page-২৭) বিপিনচন্দ্র পাল ওই মামলায় অরবিন্দের বিরুদ্ধে সাক্ষ্য দিতে অস্বীকার করলে তাঁর ছয় মাস সাজা হয়েছিল (১৯-৯-১৯০৭)। পরে 'বন্দেমাতরম' ইংরেজ পুলিশ ম্যানেজিং বিভাগের কর্তা হেমেন্দ্রনাথ বাগচী এবং মুদ্রক অপূর্ব কৃষ্ণ বোসকে গ্রেফতার করে ১২৪এ ভারতীয় পেনাল কোড অনুযায়ী ইংরেজ সরকারের বিরুদ্ধে প্রবন্ধ প্রকাশের জন্য। তাঁদের তিন মাস করে জেল হয়।

